# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Chaitra 15, 1430 Bangla, March 29, 2024, Friday, No. 89, 54th year

# H I G H L I G H T S

King of Bhutan Jigme Khesar Namgyel Wangchuck expresses satisfaction after visiting 'Bhutanese Special Economic Zone' in Kurigram district on the last day of his four-day state visit to BD. (VOA: 11)

AL GS Obaidul Quader comments that after the murder of Bangabandhu & his family, the murderers Zia-Mushtak gang destroyed the spirit of the liberation war & democratic values. (Jago FM: 16)

Foreign minister Dr. Hasan Mahmud raised question whether Muhammad Yunus's award from an Israeli sculptor supported the indiscriminate killing of women and children in Gaza and the crimes against humanity there. (Jago FM: 15)

BNP GS Mirza Fakhrul Islam Alamgir says 80% of BNP leaders and activists are victims of government repression. Adds, the only way to freedom is to defeat the government. (VOA: 10; R. Today: 21)

US State Department Spokesperson Matthew Miller says the US will continue its efforts to implement a free, full and open democracy in Bangladesh. (R. Today: 21)

World Bank in a report says, more than 272,000 people died prematurely due to four types of environmental pollution in BD in 2019. 55% of them die due to air pollution. (Jago FM: 14)

Post graduate trainees & intern doctors were on strike for the fifth consecutive day for four demands. After meeting health minister, they suspended the agitation for a month. (DW: 12; R. Today: 20)

Analysts say that the ongoing BNP's leadership crisis has become evident on the anti-India issue. At the same time, their differences of opinion, as always on the India issue, are also evident. (BBC: 7)

Analyzing the information of 50 reserved women MPs of 12th Parliament, Citizen for Good Governance- Sujon says the highest numbers among them are business women. (R. Today: 20)

The Indian BSF has returned the bodies of two Bangladeshi youths after they were shot dead inside India on the Naogaon-Lalmonirhat border. (R. Today: 21)

Many jellyfish have been floating on Kuakata beach in Patuakhali for the past few weeks causing itching upon contact and emit a foul smell, worsening the beach environment. (BBC: 5)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর,**
**বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ১৫, বাংলা ১৪৩০, মার্চ ২৯, ২০২৪, শুক্রবার, নং- ৮৯, ৫৪তম বছর**

# শিরোনাম

ভুটানের রাজা জিগমে খেসার নামগেল ওয়াংচুক বিডিতে তার চার দিনের রাষ্ট্রীয় সফরের শেষ দিনে কুড়িগ্রাম জেলার 'ভুটানিজ বিশেষ অর্থনৈতিক অঞ্চল' পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেছেন। (ভোয়াঃ ১১)

বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যার পর খুনি জিয়া-মোশতাক চক্র মুক্তিযুদ্ধের চেতনা ও গণতান্ত্রিক মূল্যবোধ ধূলিস্যাৎ করে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। (জাগো এফএম : ১৬)

ইসরায়েলি একজন ভাস্করের কাছ থেকে ড. মুহাম্মদ ইউনূসের পুরস্কার নেওয়া গাজায় নির্বিচারে নারী ও শিশু হত্যা করা এবং সেখানে মানবতার বিরুদ্ধে অপরাধ সংগঠিত হওয়াকে প্রকারান্তরে সমর্থন দিয়েছেন কি না সেই প্রশ্ন তুলেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। (জাগো এফএম : ১৫)

বিএনপির আশিভাগ নেতাকর্মী সরকারের দমন-পীড়নের শিকার বলে মন্তব্য করেছেন দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, মুক্তির পথ একটাই তা হলো সরকারকে পরাজিত করা। (ভোয়াঃ ১০;রে. টুডে : ২১)

বাংলাদেশে অবাধ ও পূর্ণাঙ্গ, মুক্ত গণতন্ত্র বাস্তবায়নে যুক্তরাষ্ট্রের প্রচেষ্টা অব্যাহত থাকবে বলে জানিয়েছেন মার্কিন পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ম্যাথিউ মিলার। (রে. টুডে : ২১)

বিশ্ব ব্যাংকের এক প্রতিবেদনে বলা হয়েছে, বাংলাদেশে ২০১৯ সালে বায়ুদূষণসহ চার ধরনের পরিবেশ দূষণে দুই লাখ ৭২ হাজারের বেশি মানুষের অকাল মৃত্যু হয়েছে। তাদের মধ্যে ৫৫ শতাংশ মানুষের মৃত্যু হয় বায়ুদূষণের কারণে। (জাগো এফএম : ১৪)

চার দাবিতে টানা পঞ্চম দিনের মতো সারাদেশে কর্মবিরতি পালন করছেন পোস্ট গ্র্যাজুয়েট ট্রেইনি ও ইন্টার্ন চিকিৎসকেরা। কিন্তু আজ স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাতের পর তারা আন্দোলন এক মাসের জন্য স্থগিত করেছেন। (ডয়চে ভেলে : ১২; রে. টুডে : ২০)

বিশ্লেষকরা বলছেন, বিএনপির মধ্যে নেতৃত্বের যে সংকট চলছে ভারত-বিরোধী ইস্যুতে তা প্রকট হয়েছে। একইসাথে ভারত ইস্যুতে বরাবরের মতোই দলটিতে যে মতের পার্থক্য রয়েছে তাও স্পষ্ট হয়েছে। (বিবিসি : ৭)

সংরক্ষিত নারী আসনে নির্বাচিত ৫০ জন সংসদ সদস্যের হলফনামায় দেওয়া তথ্য বিশ্লেষণ করে সুশাসনের জন্য নাগরিক সুজন জানিয়েছে দ্বাদশ জাতীয় সংসদে নারীদের জন্য সংরক্ষিত আসনেও পেশায় সর্বোচ্চ সংখ্যক ব্যবসায়ী। (রে. টুডে : ২০)

নওগাঁ-লালমনিরহাট সীমান্তে ভারতের অভ্যন্তরে গুলি করে হত্যার পর দুই বাংলাদেশি যুবকের লাশ ফেরত দিয়েছে ভারতীয় বাহিনী বিএসএফ। (রে. টুডে : ২১)

পটুয়াখালীর কুয়াকাটা সৈকতে গত কয়েক সপ্তাহ ধরে অসংখ্য জেলিফিশ ভেসে আসছে। এসব জেলিফিশ শরীরে লাগলেই একদিকে যেমন চুলকানি হচ্ছে, তেমনি পচে গিয়ে সৈকত এলাকায় দুর্গন্ধ ছড়াচ্ছে। (বিবিসি : ৫)

# বিবিসি

## ট্রেইনি ও ইন্টার্ন চিকিৎসকদের  টানা কর্মবিরতি, স্থগিত, তবে থেকেই গেল কিছু প্রশ্ন

ভাতা বাড়ানো, নয় মাসের বকেয়া ভাতা পরিশোধ, ১২টি প্রতিষ্ঠানের ভাতা বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত প্রত্যাহার এবং চিকিৎসক সুরক্ষা আইন বলবৎ করা - এই চারটি দাবিতে টানা চারদিন ধরে দ্বিতীয় দফায় কর্মবিরতি পালন করছিলেন বাংলাদেশের প্রাইভেট পোস্ট গ্রাজুয়েট ট্রেইনি ও ইন্টার্ন চিকিৎসকরা। কিন্তু আপাতত কর্মসূচি স্থগিত করে তারা তাদের কাজে ফিরে যাওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন। বৃহস্পতিবার বিকেলে শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী ডা. সামন্ত লাল সেনের সঙ্গে বৈঠক শেষে তারা তাদের  দাবি পূরণের আশ্বাস পেয়ে, সাময়িকভাবে আন্দোলন থেকে সরে এসেছেন। ডাক্তারদের দাবির সাথে  সহমত, প্রকাশ করে স্বাস্থ্যমন্ত্রী তাদেরকে বলেছেন যে এক মাসের মধ্যে তাদের দাবির বিষয়ে সিদ্ধান্ত জানানো হবে এবং সেই সিদ্ধান্ত আসা অবধি তারা যেন কাজে ফিরে যান। এদিকে, বৃহস্পতিবার বিভিন্ন গণমাধ্যমে খবর এসেছে, ট্রেইনি ও ইন্টার্ন চিকিৎসকদের ধর্মঘটের কারণে দেশের বিভিন্ন হাসপাতালে রোগীরা ভোগান্তির শিকার হয়েছেন। এর মাঝে সবচেয়ে আলোচিত খবরটি ছিল রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে বিনা চিকিৎসায় একজন ডায়রিয়া আক্রান্ত রোগীর মৃত্যুর অভিযোগ। যদিও রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল এএফএম শামীম আহমেদ চিকিৎসকের অভাবে মৃত্যুর অভিযোগ অস্বীকার করেছেন। তিনি বিবিসিকে বলেন, ”আমি এই খবরটা মারফত জানলাম, আমার কাছে কেউ সরাসরি অভিযোগ করেনি। কিন্তু তারপরও খবরটা দেখে আমি নিজে ব্যক্তিগতভাবে সবটা তদন্ত করে দেখেছি। যিনি মারা গেছে, তিনি শকের পেশেন্ট ছিল। এই রোগের একটা ফিচার হল ডায়রিয়া থাকে। রোগী হাসপাতালে আসার সঙ্গে সঙ্গে তাকে সব ধরনের চিকিৎসা দেওয়া হয়েছে। আমি নিজে ট্রিটমেন্ট শিট চেক করেছি। তাহলে চিকিৎসার অভাবে মারা গেছে, এই প্রশ্ন কোত্থেকে আসে? চিকিৎসা পায় নাই মানে, তাকে ডাক্তার দেখে নাই। কিছুই করে নাই। কিন্তু ওনাকে তো চিকিৎসা দেওয়া হয়েছে„, বলেন তিনি। এসময় তিনি আরও বলেন, গত কয়েকদিন ধরে মেডিকেল কলেজের ইন্টার্ন ও ট্রেইনি চিকিৎসকরা ধর্মঘট করায় লোকবল সংকট দেখা দিয়েছে। কিন্তু এর মাঝেও ডাক্তাররা রোগীদের সেবা দিচ্ছেন। ”এখানে ইন্টার্নরা, কোর্স স্টুডেন্টরা ধর্মঘট করছে। ফলে আমাদের চিকিৎসকদের ওপর চাপ বেড়ে গেছে। ডাক্তাররা রাত দিন এক করে পরিস্থিতি সামাল দিচ্ছে„, তিনি যোগ করেন। তবে ইন্টার্ন ও প্রাইভেট ট্রেইনি চিকিৎসকদের কর্মবিরতির কারণে যে কম-বেশি সব হাসপাতালেই বাড়তি চাপ তৈরি হয়েছে, তার প্রমাণ মিলেছে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল ও বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) গিয়ে। হাসপাতালগুলোয় রোগীর তুলনায় চিকিৎসক কম থাকায় হিমশিম খাচ্ছিলেন কর্তব্যরত চিকিৎসকরা।

নাম প্রকাশ করতে অনিচ্ছুক, বিএসএমইউ-তে অধ্যয়নরত একজন সরকারি ডাক্তার বলেন, ”আমরা আমাদের বেতন পাচ্ছি, তাই আমাদের আন্দোলনে যেতে হচ্ছে না। কিন্তু ওরা আন্দোলন করছে। তাই আমাদের উপর বাড়তি চাপ পড়ছে। আমার নিজের পেশেন্ট তো দেখাই লাগছে, সাথে ওদেরটাও।„ বিএসএমএমইউ,র শিশু বিভাগের ট্রেইনি ডা. রেজওয়ানা রহমান বলেন, ”একেকটা ডিপার্টমেন্টের অর্ধেক, কোনও কোনও ডিপার্টমেন্টের এক তৃতীয়াংশ হলেন প্রাইভেট ডাক্তার। তাই তারা টানা এতদিন ধরে কর্মবিরতিতে থাকায় আমাদের (এমবিএসএস) এখন বেশি রোগী দেখা লাগছে। এই হাসপাতালে তো এমনিতেও রোগীর চাপ বেশি থাকে সব সময়, সেই তুলনায় তো ডাক্তার বেশি না। তাই এখন দেখা যাচ্ছে, যে বেডটা আমি আগে দেখতাম না, ক,দিন ধরে সেটাও আমায় দেখতে হচ্ছে„, বলছিলেন ডা. রহমান। এ সপ্তাহের শুরুতে গত ২৫শে মার্চ থেকে ২৯ শে মার্চ পর্যন্ত, এই পাঁচ দিনে সারা দেশে পূর্ণ কর্মবিরতি (ক্যাজুয়ালিটিসহ) এবং কর্মসূচি পালনের ঘোষণা দিয়েছিলেন ট্রেইনি ও ইন্টার্ন চিকিৎসকরা। তবে সবাই মিলে একযোগে কর্মবিরতি পালন করলে হাসপাতালগুলো চরম দুর্ভোগের মাঝে পড়ে যাবে বলে স্বাস্থ্যমন্ত্রীর অনুরোধে গত দু,দিন ধরে ইন্টার্ন চিকিৎসকরা কর্মবিরতি থেকে সরে এসেছিলেন। ঢাকা মেডিকেল কলেজের ইন্টার্ন চিকিৎসক পরিষদের সভাপতি জাবের আব্দুল্লাহ শোভন বলেন, ”আমরা শুরু থেকেই এই আন্দোলন করছি। তবে গত দু,দিন ধরে আমরা কাজ করছি।„ তবে ভাতা নিয়ে এটি ছিল তাদের দ্বিতীয় দফার আন্দোলন। শুরু থেকে হিসাব করলে, গত ১৮ই মার্চ থেকে তাদের কর্মবিরতি চলছে। পোস্ট গ্র্যাজুয়েট প্রাইভেট ট্রেইনি ডক্টরস অ্যাসোসিয়েশনের সভাপতি ডা. জাবির হোসেন বিবিসিকে বলেন, ”গত ১৮ই মার্চ থেকে কর্মবিরতি চলছে ডাক্তারদের। কিন্তু মানবিক দিক বিবেচনা করে আমরা ২৪শে মার্চ পর্যন্ত হাসপাতালের ইমার্জেন্সি বা ক্যাজুয়ালটি রান করি। কিন্তু উর্ধ্বতন কর্তৃপক্ষ আমাদের প্রতি কোনও সহানুভূতিশীল দৃষ্টিভঙ্গী দেখায়নি। এই প্রেক্ষিতে হাসপাতালের সমস্ত কর্মকাণ্ড বাদ দিয়ে আমাদের আবার রাস্তায় নামতে হয়েছে।„

এর আগে গত বছরের জুলাই মাসেও এই চিকিৎসকরা পাঁচ দফা দাবিতে আন্দোলনে নেমেছিলেন। সেই সময়ের কথা উল্লেখ করে ডা. হোসেন বলেন, ”গত বছরের জুলাইতে যে আন্দোলন হয়েছিল, সেখানে পাঁচটি শর্তের একটিও পূরণ হয়নি।„ বাংলাদেশে একজন মেডিকেল শিক্ষার্থী এমবিবিএস পাশ করার পর উচ্চ শিক্ষা তথা বিশেষায়িত ডাক্তার হওয়ার জন্য হয় তারা বিএসএমএমইউ-র অধীনে এমডি বা এমএস; অথবা বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস অ্যান্ড

সার্জনস (বিসিপিএস)-এর অধীনে এফসিপিএস কোর্স করেন। তবে যারা বিসিএস পাশ করার পর এসব কোর্সে ভর্তি হন, তারা অন্যান্য সরকারি ডাক্তারের মতোই বেতন পান। কিন্তু বাকিদের মাঝে যারা এইসব কোর্স করেন, তাদের জন্য ২৫ হাজার টাকা করে ভাতা বরাদ্দ। এ বিষয়ে ডা. হোসেন বলেন, "প্রথম পাঁচ বছর এমবিবিএস করি। তারপর এক বছর ইন্টার্নশিপ করি। তারপর পোস্ট গ্রাজুয়েটে চান্স পাওয়ার জন্য একটা স্টুডেন্ট গড়ে দুই থেকে তিন বছর পড়াশুনা করে। এরপর বিএসএমইউ বা বিসিপিএস-এর অধীনে পরীক্ষা দিয়ে আমরা এফসিপিএস কোর্সে ঢুকি। এফসিপিএস ও রেসিডেন্সি যে কোর্সটা, সেখানে আমাদের ভাতা দেওয়া হয়। বিশ্বের সব দেশেই হয়। বাংলাদেশে আগে ২০ হাজার দিত, বর্তমানে বলছে ২৫ হাজার দিবে। কিন্তু এই ২৫ হাজারও আমরা নয় মাস ধরে পাচ্ছি না। কিন্তু অন্যান্য দেশের কথা যদি আমরা চিন্তা করি, ইন্ডিয়াতে এই ভাতার পরিমাণ হলো এক লাখ ২০ হাজার রুপি, অর্থাৎ প্রায় দেড় লাখ টাকা। পাকিস্তানে দেওয়া হয় ৫০ থেকে ৭০ হাজার রুপি। এই ভাতাটা দেওয়া হয়, যাতে আমরা সম্পূর্ণ মনোযোগ দিয়ে হাসপাতালে থাকতে পারি। ভালো স্পেশালিস্ট হওয়ার জন্য প্রতিদিন হাসপাতালে আমাদেরকে ১২ থেকে ১৪ ঘণ্টা দিতে হবে এবং আইনে আছে যে এই সময়টাতে আমরা বাইরে প্র্যাকটিস করতে পারব না, যাতে আমরা ডেডিকেটেডলি সময়টা হাসপাতালে দিতে পারি।„ এ প্রসঙ্গে তিনি আরও বলেন, "বর্তমান বাজারে ২৫ হাজার টাকা পর্যাপ্ত না। আমার ২৮ থেকে ৩৭ বছর পর্যন্ত, এই পুরো সময়টায় যদি আমার মাথায় চিন্তা ঘোরে যে বাসায় গিয়ে আমি পরিবার কীভাবে চালাব, কারেন্ট বিল কীভাবে দিব, বাচ্চাদের খাওয়াবো কী, তাহলে দেশে ভালো স্পেশালিস্ট তৈরি হবে না„, মন্তব্য করেন তিনি।

বিএসএসএমইউ-র অধীনে ১২টি প্রাইভেট প্রতিষ্ঠানের রেসিডেন্ট এবং নন-রেসিডেন্ট চিকিৎসকদের ভাতা বন্ধ করে দেওয়া হয়েছে উল্লেখ করে তিনি আরও বলেন, "এম আর খান হসপিটাল, বারডেম, নিপসম-সহ ১২টা প্রতিষ্ঠান বলেছে যে তারা ট্রেইনিদের ভাতাই দিবে না। তাহলে এই ডাক্তারদের চলবে কীভাবে?„ চিকিৎসক সুরক্ষা আইন প্রসঙ্গে তার বক্তব্য, "সব জায়াগায় শুনছি, ভুল চিকিৎসায় মারা গেছে। কিন্তু চিকিৎসা ভুল ছিল কি না, সেটা বিশ্লেষণ করার ক্ষমরা সাধারণ জনগণের নাই। এমনকি, ডাক্তার বাদে অন্য কেউ বলতেও পারবে না। কাউকে দোষারোপ করার আগে একোটা ট্রাইবুনালের মাধ্যমে দেখতে হবে যে তার চিকিৎসাটা ভুল ছিল, নাকি রোগীটা সার্ভাইভ করে নাই। ভুল থাকলে সে পানিশড হোক।„ বিএসএমএমইউ„র ফিজিক্যাল মেডিসিন এন্ড রিহ্যাবিলিটেশন বিভাগের ট্রেইনি ডা. স্বীকৃতি সরকার হিমিকা বলেন, "বর্তমান যুগে ৫০ হাজার টাকা কোনও টাকাই না। আমার নন-মেডিকেল বন্ধুরা এক লাখ টাকা বেতন পায়। অথচ আমাদের ভাতা ২৫ হাজার... সেই কত বছর আগে ডাক্তাররা কত টাকা সেটার সাথে এখন তুলনা করলে মুশকিল। সেইসময়ে ১৫ হাজার টাকা দিয়ে অনেক কিছু কেনা যেত। এখন এই টাকায় চলা মুশকিল। আমরা যদি এত বছর পড়াশুনা করে একজন ড্রাইভারের চেয়েও কম টাকা বেতন-ভাতা পাই, সেটা লজ্জার।„ চিকিৎসকদের সাথে বৈঠকে স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন বলেন, "চিকিৎসক ও শিক্ষানবিশ যারা আছেন, বেতন বৃদ্ধির ব্যাপারে তাদের বহুদিনের কয়েকটা দাবি ছিল। বর্তমান বাজারে যেভাবে দ্রব্যমূল্য বৃদ্ধি পাচ্ছে, তাতে তাদের সংসার, দৈনন্দিন জীবন-যাপন অত্যন্ত কষ্টকর। এ দাবির সাথে প্রথম থেকেই আমি একাত্মতা ঘোষণা করেছি। এটা খুবই যৌক্তিক দাবি। বড় বড় প্রফেসররা ওয়ার্ডে যান, দুই ঘণ্টা রাউন্ড দিয়ে চলে আসেন। কিন্তু হাসপাতালকে বাঁচিয়ে রাখার জন্য ইন্টার্ন, মেডিকেল অফিসাররা জরুরি। তারাই একটা হাসপাতালের প্রথম অলঙ্কার।„ তিনি নিজে এর আগেও দফায় দফায় চিকিৎসকদের সঙ্গে বসেছেন উল্লেখ করে বলেন, "আমি এ বিষয়টা নিয়ে প্রধানমন্ত্রীর সাথে কথা বলেছি। উনি শুনেছেন আমার কথা। উনি আমায় বলেছেন, `তুমি ওদেরকে কাজে ফিরে যেতে বলো। ওদের বেতন বৃদ্ধি আমি করবো, কিছুদিন সময় দাও,।„ মন্ত্রী জানান, কবে ভাতা বাড়ানো হবে, তা মাসখানেক পরে জানানো হবে এবং "আমার ছেলে-মেয়েরা আজ থেকেই কাজে যোগদান দিবেন।„

ইন্টার্ন চিকিৎসক পরিষদের (মিডফোর্ড) সাধারণ সম্পাদক সাদেকুল ইসলাম বলেন, "আমাদের কাজটা দ্রুত গতিতে আগাচ্ছে বলে আমাদেরকে আশ্বস্ত করা হয়েছে। একই সাথে, আমাদের আরও আশ্বস্ত করেছে যে রেসিডেন্ট, নন-রেসিডেন্ট ও এফসিপিএস ট্রেইনি যারা আছেন, ঈদের আগে সকলের বকেয়া ভাতা পরিশোধ করা হবে এবং এক মাসের মধ্যে আমাদের ভাতা বৃদ্ধির বিষয়েও সুনির্দিষ্ট তথ্য জানানো হবে যে আমাদের ভাতাটা কবে বাড়বে, ভাতাটা কত হবে। ভাতা বাড়বে, এই নিশ্চয়তা স্যার (মন্ত্রী) দিয়েছেন। তাই, এক মাসের জন্য আমরা আন্দোলন প্রত্যাহার করছি।„ চিকিৎসকদের দাবির সাথে শুধু মন্ত্রী নন, অনেকেই একাত্মতা প্রকাশ করেন। কিন্তু এ ক্ষেত্রে এই প্রশ্নও সামনে আসে যে নৈতিকতার জায়গা থেকে তারা সব সেবা বন্ধ করে এটি করতে পারেন কি না!

জনস্বাস্থ্যবিদ ও সরকারের রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠানের (আইইডিসিআর) উপদেষ্টা ডা. মুশতাক হোসেন এ প্রসঙ্গে বলেন, "তাদের যে হারে বেতন ভাতা দেওয়া হচ্ছে, তা সম্পূর্ণ অগ্রহণযোগ্য, অমানবিক ও অনৈতিক। কারণ ট্রেইনি ডাক্তাররা রাত-দিন খেটে হাসপাতালে কাজ করে। বাইরে গিয়ে তো এরা কিছু করতে পারেনা। এদের বেশির ভাগকেই নাইট ডিউটি দেওয়া হয়। হাসপাতালের মূল কাজ তাদেরকে দিয়েই করানো হয়। কিন্তু এদের এই বেতন বিষয়ক সংকটটা এবারও রয়েই গেল। এরা তো দীর্ঘদিন ধরে বেতন পাচ্ছে না। এরা ঈদ

করবে কীভাবে? যাদের বাবা-মায়ের টাকা আছে, তারা পরিবার থেকে টাকা নিয়ে সংসার চালাচ্ছে। এটা তো হওয়া উচিত না, বিষয়টা সম্পূর্ন অমানবিক।” কিন্তু যে উপায়ে শিক্ষানবিশ ও ডাক্তাররা কর্মবিরতি পালন করলেন, সেটা চিকিৎসা বিজ্ঞানের নৈতিকতার জায়গা থেকে কতটা ঠিক, এই প্রশ্নের জবাবে তিনি বলেন, ”এথিকস সবারই মানা উচিত। তারা শ্রম নিবে, কিন্তু মাসের পর বেতন বাকি রেখে দিবে, এটাও তো নৈতিকতা না। হ্যাঁ, সাধারণ মানুষ তো (ডাক্তার ও ইন্টার্নদের) প্রতিপক্ষ না। কিন্তু কেন এদেরকে এখানে (কর্মবিরতিতে) যেতে হচ্ছে? এরা তো আজ নতুন না, অনেক আগে থেকেই এই দাবির কথা বলে আসছে। তাহলে কেন সরকার এদের সিদ্ধান্তটা ঝুলিয়ে রাখল, সেটাও তো এক ধরনের ধর্মঘট। সেটা কি নৈতিক?„পাল্টা প্রশ্ন ডা. মুশতাক হোসেনের।
(বিবিসি ওয়েব পেজ:২৮.০৩.২০২৪ রিহাব)

## কুয়াকাটা সমুদ্র সৈকতে হঠাৎ এত জেলিফিশ ভেসে আসা কীসের ইঙ্গিত ?

পটুয়াখালীর কুয়াকাটা সৈকতে গত কয়েক সপ্তাহ ধরে অসংখ্য জেলিফিশ ভেসে আসছে। এসব জেলিফিশ শরীরে লাগলেই একদিকে যেমন চুলকানি হচ্ছে, তেমনি পচে গিয়ে সৈকত এলাকায় দুর্গন্ধ ছড়াচ্ছে। অন্যদিকে, সমুদ্রেও অস্বাভাবিক সংখ্যায় জেলিফিশ ভেসে ওঠায় মাছ ধরার জাল ফেলতে পারছেন না বলে অভিযোগ করছেন স্থানীয় জেলেরা। ”লাখ লাখ জেলিফিশ। এত জেলিফিশ আমরা আগে কখনো দেখিনি„, বিবিসি বাংলাকে বলেন স্থানীয় জেলে রহমত মিয়া। জেলা মৎস্য কর্মকর্তারাও অস্বাভাবিক হারে জেলিফিশ ভেসে আসার কথা স্বীকার করছেন। কিন্তু কুয়াকাটা সমুদ্র সৈকতে হঠাৎ এত জেলিফিশ ভেসে আসার কারণ কী ? পরিবেশগত দিকে থেকে এটি কি খারাপ কিছুর ইঙ্গিত বহন করছে ? গত ফেব্রুয়ারি মাসের শেষের দিকে থেকে সমুদ্র সৈকতে ঝাঁকে ঝাঁকে জেলিফিশ ভেসে আসছে বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন কুয়াকাটার স্থানীয় বাসিন্দারা। ”এর আগেও কমবেশি ভেসে আসতো।
তবে গত কয়েক সপ্তাহে এর সংখ্যা মাত্রাতিরিক্ত বেড়ে গেছে„, বিবিসি বাংলাকে বলেন স্থানীয় বাসিন্দা কে এম বাচ্চু। সৈকতের বালিতে আটকে থাকা এসব জেলিফিশ মরে-পচে দুর্গন্ধ ছড়াচ্ছে। ”পচা গন্ধে সৈকতে হাঁটাচলা পর্যন্ত করা যাচ্ছে না। তাছাড়া এটি পায়ের নিচে পড়লে বা কেউ এটি হাত দিয়ে ধরলে চুলকানি হচ্ছে„, বিবিসি বাংলাকে বলেন মি. বাচ্চু। সে কারণে স্থানীয়দের কেউ কেউ স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে মৃত জেলিফিশ গুলোকে বালির নিচে পুঁতে দিচ্ছেন বলে জানিয়েছেন তিনি। সৈকতে ভেসে আসা জেলিফিশ গুলোর আকার বেশ বড় এবং একেকটির ওজন কয়েক কেজি বলে জানা যাচ্ছে। ”হাফ কেজি থেকে শুরু করে তিন-চার কেজি ওজনেরও জেলিফিশ ভেসে আসছে„, বলছিলেন মি. বাচ্চু। কুয়াকাটার আন্ধারমানিক নদের মোহনা ও এর আশপাশের প্রায় ১৮ কিলোমিটার উপকূলীয় এলাকাজুড়ে জেলিফিশ বেশি ভেসে আসছে বলে জানা যাচ্ছে। এছাড়া সমুদ্রেও এটি ঝাঁকে ঝাঁকে ভেসে উঠছে বলে জানাচ্ছেন স্থানীয় জেলেরা। ”জাল ফেললেই দেখা যাচ্ছে তাতে শত শত জেলিফিশ আটকাচ্ছে। এগুলো জাল নষ্ট করে দিচ্ছে„, বিবিসি বাংলাকে বলেন জেলে রহমত মিয়া। মূলত জেলিফিশ আটকে জালের ওজন বেড়ে যাওয়ায় অনেক সময় সেটি টেনে নৌকায় তুলতে পারেন না জেলেরা। ফলে তারা জাল কেটে ফেলতে বাধ্য হন। এই সমস্যার কারণে জেলেদের অনেকেই সমুদ্রে জাল ফেলা বন্ধ করে দিয়েছেন বলে জানা যাচ্ছে। ”হাজার হাজার টাকার জাল যদি এর কারণে নষ্ট হয়, তাহলে চলবো কী করে ? এর একটা সমাধান আমরা চাই„, বিবিসি বাংলাকে বলেন রহমত মিয়া।
জেলিফিশ এক ধরনের বহুকোষী জলজ প্রাণি। নামের সঙ্গে 'ফিশ' যুক্ত থাকলেও শরীরে মেরুদণ্ড বা হাড় না থাকায় একে ঠিক মাছ হিসেবে গণ্য করেন না বিজ্ঞানীরা। বিজ্ঞানীদের ধারণা, ৫০০ কোটি বছর আগে জেলিফিশের জন্ম হয়েছিল, যা ডাইনোসর যুগেরও আগের ঘটনা। জেলিফিশের মস্তিষ্ক, এমনকি হৃদপিণ্ডও নেই। তবে এদের শরীর জুড়ে অসংখ্য স্নায়ু ছড়িয়ে-ছিটিয়ে রয়েছে। সেগুলো ব্যবহার করেই এটা বিশেষ প্রক্রিয়ায় শ্বাস নিয়ে থাকে। জেলিফিশের শরীরের প্রায় ৯৮ শতাংশই পানি দিয়ে গঠিত। মাছের মতো আঁশ, ফুলকা বা পাখনাও থাকে না। এর পরিবর্তে এদের শরীরে প্রায় সম্পূর্ণরূপে স্বচ্ছ ছাতার মতো দেখতে গোলাকৃতির একটি অংশ থাকে। এটি ব্যবহার করেই জেলিফিশ পানিতে ভেসে বেড়ায়। এরা মূলত লবণাক্ত পানিতে বাস করে। সমুদ্রের ১২০০০ ফুট গভীরেও এদের খুঁজে পাওয়া যায় বলে জানাচ্ছেন বিজ্ঞানীরা। আকৃতিতে সাত ফুট থেকে শুরু করে ১২০ ফুট পর্যন্ত বড় হতে পারে। এক্ষেত্রে একেকটা জেলিফিশের ওজন আট থেকে ১০ কেজি পর্যন্ত হতে পারে।
জেলিফিশ সাধারণত মাছের ডিম, রেণুপোনা, প্লাঙ্কটন এবং অন্যান্য ক্ষুদ্র জলজ প্রাণি খেয়ে বেঁচে থাকে। যৌন এবং অযৌন উভয় পদ্ধতিতেই এরা বংশবিস্তার করতে পারে। ”প্রজনন ছাড়াও একটি জেলিফিশের শরীরের অঙ্গ থেকে নতুন জেলিফিশ জন্ম নিতে পারে„, বিবিসি বাংলাকে বলেন পটুয়াখালীর জেলা মৎস্য কর্মকর্তা কামরুল ইসলাম। গবেষকরা বলছেন, পৃথিবীতে প্রায় দুই হাজার প্রজাতির জেলিফিশ রয়েছে। তবে বাংলাদেশের সমুদ্রে তিন থেকে চার প্রজাতির জেলিফিশ দেখা যায়। এর মধ্যে সবচেয়ে বেশি পাওয়া যায় `সাদা জেলি ফিশ,। কুয়াকাটা সমুদ্র সৈকতে মূলত এই প্রজাতির জেলিফিশ ভেসে আসছে বলেই বিবিসি বাংলাকে জানিয়েছেন মি. ইসলাম। কক্সবাজার সমুদ্র উপকূলেও জেলিফিশ দেখা যায়। স্থানীয়ভাবে একে ডাকা হয় `নুইন্না,। কারণ এর শরীরের বেশিরভাগ অংশ লবণাক্ত পানি দিয়ে তৈরি। জেলিফিশ বেশি পাওয়া যায় বলে কক্সবাজারের একটি এলাকার নামই দেওয়া হয়েছে `নুইন্নাছড়া,। প্রজাতিভেদে

জেলিফিশ কয়েক মাস থেকে কয়েক বছর পর্যন্ত বেঁচে থাকতে পারে। চীন, জাপান, কোরিয়াসহ বেশ কিছু দেশে জেলিফিশের কয়েকটি প্রজাতি খাওয়া হয়। তবে বাংলাদেশি সাধারণত কাউকে এটি খেতে দেখা যায় না। তবে এটি বিদেশে রপ্তানি করা যায় কী-না, সেটি নিয়ে সম্প্রতি গবেষকরা শুরু করেছেন বাংলাদেশের বিজ্ঞানীরা। গবেষকরা বলছেন, শীতের শেষে তাপমাত্রা বৃদ্ধির সঙ্গে সঙ্গে সমুদ্রের পানিতে অক্সিজেনের পরিমাণ খানিকটা বেড়ে যায়। বিশেষ করে ফেব্রুয়ারি থেকে জুলাই মাস পর্যন্ত পানিতে অক্সিজেনের পরিমাণ খুব ভালো থাকে, যা জেলিফিশের বংশবিস্তারের জন্য উপযুক্ত সময়। "এটিই মূলত জেলিফিশের প্রজনন মৌসুম„, বিবিসি বাংলাকে বলেন পটুয়াখালীর জেলা মৎস্য কর্মকর্তা কামরুল ইসলাম। সমুদ্রের তাপমাত্রা ও লবণাক্ততা অনুকূলে থাকায় এই সময়ে জেলিফিশের বংশবিস্তার বেড়ে যায়। মাছের ডিম, প্লাঙ্কটন ও অন্যান্য ক্ষুদ্র জলজ প্রাণি খেয়ে এরা দ্রুতই বেড়ে ওঠে। "যেহেতু এরা স্রোতের মধ্যে ভারসাম্য রক্ষা করতে পারে না, তাই স্রোত বা জোয়ারের পানিতে ভেসে প্রায়ই তীরে চলে আসে এবং বালিতে আটকে যায়„, বিবিবি বাংলাকে বলেন মি. ইসলাম। তিনি আরও বলেন, প্রজনন মৌসুম হওয়ায় প্রতিবছর ফেব্রুয়ারির মাঝামাঝি সময় থেকে উপকূলীয় এলাকায় জেলিফিশের আধিক্য বেশ বেড়ে যায়। তবে এবার যে হারে জেলিফিশ ভেসে আসছে বা জেলেদের জালে আটকাচ্ছে, সেটি বেশ চিন্তায় ফেলে দিয়েছে গবেষকদের। "এবারের ঘটনাটি কিছুটা অস্বাভাবিক বলেই মনে হচ্ছে„, বিবিসি বাংলাকে বলেন মৎস্য কর্মকর্তা কামরুল ইসলাম। তিনি আরও বলেন, "অবস্থা দেখে আমরা ধারণা করছি যে, সামুদ্রিক ইকোসিস্টেমে ভারসাম্যহীনতা দেখা দিয়েছে।„

কচ্ছপ এবং সামুদ্রিক অনেক মাছ ও প্রাণী জেলিফিশকে খাদ্য হিসেবে গ্রহণ করে থাকে। গবেষকদের ধারণা এগুলোর সংখ্যা কমে যাওয়ায় সমুদ্রে বাস্তুসংস্থানে এই ভারসাম্যহীনতা দেখা দিয়েছে। "ওভার ফিশিং (অতিমাত্রায় মাছ ধরা) এর একটি কারণ হতে পারে। এছাড়া কচ্ছপের মতো যেসব প্রাণি জেলিফিশ খায়, সেগুলোও হয়তো কমে গেছে„, বিবিসি বাংলাকে বলেন ওয়ার্ল্ডফিশের সহযোগী প্রতিষ্ঠান ইকোফিশের গবেষক সাগরিকা স্মৃতি। গবেষকরা বলছেন, সমুদ্রে জেলিফিশের প্রধান খাদক হচ্ছে কচ্ছপ। সমুদ্রে জেলিফিশের সংখ্যা নিয়ন্ত্রণে এরাই এতদিন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে বলেও জানাচ্ছেন তারা। "কিন্তু গত কয়েক বছর ধরে সামুদ্রিক কচ্ছপের সংখ্যা উল্লেখযোগ্য হারে কমে গেছে„, বিবিসি বাংলাকে বলেন ইকোফিশের গবেষক সাগরিকা স্মৃতি। যদিও বাংলাদেশের সমুদ্রে কচ্ছপের সংখ্যার বিষয়ে নির্দিষ্ট কোনো তথ্য গবেষকদের কাছে নেই। তারপরও কচ্ছপের সহজলভ্যতা, আবাসভূমিসহ বেশ কয়েকটি বিষয়ের ওপর চালানো পর্যবেক্ষণ থেকেই তারা বুঝতে পারছেন যে কচ্ছপের সংখ্যা কমছে। "জেলিফিশের সংখ্যা এভাবে বেড়ে যাওয়াও একই ইঙ্গিত দিচ্ছে", বলেন মিজ স্মৃতি। কচ্ছপ শিকার, এর ডিম সংগ্রহ, প্লাস্টিক দূষণ, জেলেদের অসচেতনতাসহ নানান কারণে সমুদ্রে কচ্ছপের সংখ্যা কমে যাচ্ছে বলে জানাচ্ছেন গবেষকরা। মার্কিন যুক্তরাষ্ট্রভিত্তিক পরিবেশবাদী সংগঠন ক্লিন ওয়াটার বলছে, প্লাস্টিক দূষণের কারণে কমপক্ষে আড়াইশ প্রজাতির মাছ ও অন্যান্য সামুদ্রিক প্রাণি ক্ষতিগ্রস্ত হচ্ছে। এর মধ্যে রয়েছে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে সামুদ্রিক কচ্ছপ। "শুধুমাত্র কুয়াকাটা সমুদ্র সৈকতেই প্রতিবছর গড়ে অন্তত ২০টি সামুদ্রিক কচ্ছপের মরদেহ ভেসে আসছে„, বিবিসি বাংলাকে বলেন মিজ স্মৃতি। মূলত প্লাস্টিকের কণা খাওয়া এবং শরীরে আটকে যাওয়ার কারণে অনেক কচ্ছপ মারা যাচ্ছে। এছাড়া জেলেদের জালে বেঁধেও অনেক সময় কচ্ছপের মৃত্যু হচ্ছে বলে জানান গবেষকরা। এর বাইরে কেউ কেউ কচ্ছপ শিকার করে খাচ্ছেন, এমনকি হত্যা করে মাংস ও খোলস বিক্রি করছেন। আবার কচ্ছপের ডিমও সংগ্রহ করে খাচ্ছেন অনেকে। সব মিলিয়ে প্রাণিটি দিন দিন অস্তিত্বের সংকটে পড়ে যাচ্ছে বলে জানাচ্ছেন গবেষকরা। "এগুলো অস্বীকার করার উপায় নেই। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সাথে মিলে আমরা সেগুলো বন্ধ করা এবং মানুষকে সচেতন করার চেষ্টা করছি„, বিবিসি বাংলাকে বলেন পটুয়াখালী জেলার মৎস্য কর্মকর্তা কামরুল ইসলাম। গবেষকরা বলছেন, হাজারো প্রজাতির জেলিফিশের মধ্যে কয়েকটি প্রজাতি রয়েছে, যেগুলো কিছুটা বিষাক্ত। "তবে সেই বিষ মৃত্য ঘটানোর মতো নয়„, বিবিসি বাংলাকে বলেন পটুয়াখালী জেলার মৎস্য কর্মকর্তা কামরুল ইসলাম। "বিষাক্ত জেলিফিশের সংস্পর্শে আসলে বড়জোর চুলকানি, লাল বার্ন হয়ে যাওয়া বা চোখে লাগলে ক্ষতি হতে পারে„, বলেন মি. ইসলাম। তিনি বলছেন, বাংলাদেশে বিষাক্ত জেলিফিশ খুব একটা দেখা যায় না।

কুয়াকাটা সমুদ্র সৈকতে যে সাদা জেলিফিশ দেখা যাচ্ছে, সেটিও নির্বিষ। "তারপরও এটি শরীরে লাগলে কিছুটা চুলকানির মতো সমস্যা সৃষ্টি হতে পারে„, বলেন মি. ইসলাম। এতে ঘাবড়ানোর কিছু না থাকলেও জেলিফিশের সংস্পর্শে না যাওয়ার পরামর্শ দিয়েছেন তিনি। কুয়াকাটার সমুদ্র উপকূলে জেলিফিশকে কেন্দ্র করে যে সমস্যা তৈরি হয়েছে, সেটি বেশিদিন স্থায়ী হবে না বলে জানিয়েছেন গবেষকরা। "এটি একটি সাময়িক সমস্যা। সমুদ্রের পানিতে তাপমাত্রা কমে গেলেই এটি চলে যাবে„, বিবিসি বাংলাকে বলেন মৎস্য কর্মকর্তা কামরুল ইসলাম। বৃষ্টিপাত হলেই সমুদ্রের তাপমাত্রা কমে আসবে বলে জানিয়েছেন তিনি।

তবে প্রাকৃতিক ভারসাম্য নিশ্চিত করতে না পারলে দীর্ঘমেয়াদে এটি বড় ধরনের সমস্যা সৃষ্টি করতে পারে বলেও মনে করছেন গবেষকদের কেউ কেউ। "সমুদ্রে এভাবে জেলিফিশ বাড়তে থাকলে তারা মাছের ডিম ও পোনা খেয়ে শেষ করে ফেলবে, যা জেলেসহ আমাদের সবার উপরে ভয়ঙ্কর নেতিবাচক প্রভাব ফেলবে„, বিবিসি বাংলাকে বলেন

ইকোফিশের গবেষক সাগরিকা স্মৃতি। কচ্ছপ ও সামুদ্রিক প্রাণির মধ্যে যেগুলো, জেলিফিশ খায়, সেগুলো সংরক্ষণ করা জরুরি বলে মনে করেন তিনি। "এগুলো রক্ষায় নজরদারি বাড়ানোর পাশাপাশি জেলেসহ সংশ্লিষ্ট সবাইকে এগুলোর বিষয়ে সচেতন করা উচিৎ,, বলেন মিজ স্মৃতি। অতিরিক্ত মাছ ধরা ঠেকাতে প্রজনন মৌসুমে বাংলাদেশের নদী ও সাগরে একটি নির্দিষ্ট সময়ের জন্য মাছ ধরা নিষেধ করে থাকে সরকার। সেই ধারাবাহিকতায়, আগামী ২০শে মে থেকে ২৩শে জুলাই পর্যন্ত সাগরে মাছ ধরার উপর নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে। "এই ধরনের কর্মসূচি অব্যাহত থাকলে সাগরের জীব বৈচিত্র্য বৃদ্ধি পাবে এবং প্রাকৃতিক ভারসাম্য ফিরে আসবে,, বিবিসি বাংলাকে বলেন মৎস্য কর্মকর্তা কামরুল ইসলাম। (বিবিসি ওয়েব পেজ:২৮.০৩.২০২৪ রিহাব)

## ভারতীয় পণ্য বর্জন প্রচারণা নিয়ে বিএনপি কেন অবস্থান স্পষ্ট করছে না ?

বাংলাদেশে সাম্প্রতিক জাতীয় নির্বাচনের পর থেকে ভারতীয় পণ্য বর্জনের যে প্রচারণা চলছে তা নিয়ে গত কয়েকদিনে বিরোধী দল বিএনপি এবং ক্ষমতাসীন আওয়ামী লীগ পাল্টাপাল্টি বক্তব্য দিলেও, দলীয়ভাবে নিজেদের অবস্থান স্পষ্ট করছে না বিএনপি। দলটির শীর্ষস্থানীয় নেতারা বলছেন, এই কর্মসূচি বিএনপি আহ্বান করেনি। এটি এখন সামাজিক আন্দোলন হিসেবে পরিণত হয়েছে। বিএনপি এখনো দলীয়ভাবে কোন সিদ্ধান্ত নেয়নি। পরে যথাসময়ে এ বিষয়ে দলের অবস্থান বা প্রতিক্রিয়া জানানো হবে। বিশ্লেষকরা বলছেন, বিএনপির মধ্যে নেতৃত্বের যে সংকট চলছে ভারত-বিরোধী ইস্যুতে তা প্রকট হয়েছে। একইসাথে ভারত ইস্যুতে বরাবরের মতোই দলটিতে যে মতের পার্থক্য রয়েছে তাও স্পষ্ট হয়েছে। এতে বরং আওয়ামী লীগই লাভবান হবে বলে মনে করছেন কোন কোন বিশ্লেষক। ভারতের যে কোন ইস্যুতে বরাবরের মতোই এবারও সতর্ক অবস্থানে রয়েছে বিএনপি। সম্প্রতি দ্বাদশ জাতীয় নির্বাচনের পর থেকে যে ভারতীয় পণ্য বর্জনের যে ক্যাম্পেইন চলছে তাতে বিএনপির সরাসরি কোন দলীয় অবস্থান না থাকলেও দলটির একজন গুরুত্বপূর্ণ নেতা এতে সমর্থন জানিয়েছেন। বুধবার এ বিষয়ে বিএনপি নেতাদের সমালোচনা করে কথা বলেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দ্বাদশ জাতীয় নির্বাচনের কিছুদিন পরই আওয়ামী লীগ বিরোধী কয়েকটি দলের তৎপরতায় শুরু হয় `ইন্ডিয়া আউট, বা ভারতীয় পণ্য বর্জনের আন্দোলন। সামাজিক যোগাযোগ মাধ্যমেও এটি ছড়িয়ে পড়ে। বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতা-কর্মীদের ও সামাজিক মাধ্যমে প্রচারণা চালাতে দেখা যায়। গত ২০শে মার্চ বিএনপির মুখপাত্র ও সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী নিজের ভারতীয় চাদর ছুড়ে ফেলে এই আন্দোলনে সংহতি জানান। যদিও পরে দলটির শীর্ষস্থানীয় নেতারা বলেছেন, এটি তার ব্যক্তিগত বক্তব্য। এরই মধ্যে গত সোমবার রাতে বিএনপির স্থায়ী কমিটির এক বৈঠক হয়। ওই বৈঠকে এই `ভারতীয় পণ্য বর্জনের, বিষয়টি নিয়ে ও আলোচনা হয়। এতে রুহুল কবির রিজভীর ওই কর্মকাণ্ড তুলে ধরে আলোচনা করা হয়। ভারতীয় পণ্য বর্জনে মি. রিজভীর সংহতি জানিয়ে দেয়া বক্তব্য ব্যক্তিগত বলে স্থায়ী কমিটিতে জানানো হয়েছে।

দলটির শীর্ষস্থানীয় নেতারা বলছেন, এই আন্দোলন বা কর্মসূচি বিএনপি আহ্বান করেনি। অন্যান্য বিভিন্ন জায়গা থেকে এই আহ্বান করা হয়েছে। দলটির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায় বিবিসি বাংলাকে বলেন, "মানুষ যখন মার্কেটে যায় তারা একটা কোয়ালিটি কাপড় দেখে। সেটা মেইড ইন বাংলাদেশ, মেইড ইন ইনডিয়া নাকি চায়না এটা দেখে না,,। "ইনডিয়ান কাপড় কেনে এমন ও না। এটার কথা স্পেসিফিক করা যাবে না। এটা একটা রাজনৈতিক আবেগ। মানুষ ভোট দিতে পারে নাই,, বলেন মি. রায়। নির্বাচনের পরে আওয়ামী-লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছিলেন, নির্বাচনের সময় ভারত আমাদের পাশে দাঁড়িয়েছিল। এই মন্তব্যকে উদ্ধৃত করে মি. রায় বলেন, "জনগণ স্বাভাবিকভাবেই ভাবতে পারে ভারতের কারণেই বাংলাদেশের মানুষ ভোটাধিকার থেকে বঞ্চিত। তার ক্ষোভ, অভিমান থেকে জনগণ অনেক কথাই বলছে,,। এই আন্দোলনটি এখন সামাজিক আন্দোলন হিসেবে পরিণত হয়েছে মন্তব্য করে মি. রায় বলেন, "তবে দলীয়ভাবে এ বিষয়ে এখনো কোন সিদ্ধান্ত হয় নি। যথাসময়ে এ বিষয়ে বিএনপি তার প্রতিক্রিয়া ব্যক্ত করবে,,। এ বিষয়ে মঙ্গলবার থেকে দলটির আরো কয়েকজন শীর্ষস্থানীয় নেতার সাথে এ বিষয়ে কথা বলতে চাইলে সাড়া দেননি তারা।

কিন্তু, বৃহস্পতিবার গুলশানে বিএনপির চেয়ারপারসনের কার্যালয়ে এক অনুষ্ঠানে দলটির যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী আবারও ভারতীয় পণ্য নিয়ে কথা বলেন। বুধবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিএনপি নেতারা কেন স্ত্রীদের ভারতীয় শাড়ি পোড়াচ্ছেন না এমন প্রশ্ন তোলেন। সেই প্রশ্নের উত্তরে মি. রিজভী বলেন, "বিএনপির নেতারা ইন্ডিয়া থেকে শাড়ি খুব একটা কেনে না। আমার নানাবাড়ি ভারতে। বিয়ের পর একবার ভারত গিয়েছিলাম মামাবাড়ি। সেখান থেকে আমার স্ত্রীকে একটা শাড়ি দিয়েছিল। সেটা অনেক আগেই কাথা বানানো হয়েছে, সেটাও ছিড়ে গেছে"। "ভারতের সাথে সম্পর্ক ক্ষুন্ন করা এটা নিয়ে দুই/একটা পত্রিকা খুব বিচলিত। আমরা ছাত্রজীবন থেকেই রুশ ভারতের দালাল স্লোগান দিয়ে এসেছি" বলেন মি. রিজভী। তিনি বলেন, "স্বাধীনতার পর থেকেই ভারতকে আগ্রাসী শক্তি হিসেবে বেশি মূল্যায়ন করেছে। বামপন্থী দলগুলো বেশি এই মূল্যায়ন করেছে। কিন্তু আজকে হঠাৎ করে মনে হচ্ছে ভারতের বিরুদ্ধে কথা বলাই যেন পাপ"। মি. রিজভী বলেন, "জাতীয় স্বার্থের বাইরে যা যাচ্ছে তা নিয়ে আমরা প্রতিবাদ করি"। নিজের দেশের কারখানায় শাড়ি, লুঙ্গি, গামছা ব্যবহার করার আহ্বান জানিয়ে তিনি বলেন, অন্যের

কাছে নতজানু হওয়া যাবে না। সীমান্ত হত্যা, ডামি নির্বাচন, ডামি সরকারের বিরুদ্ধে থাকলে তাদের (ভারত) বিরুদ্ধে ক্ষুব্ধ হবে না জনগণ, পণ্য বয়কট করবে না?এমন প্রশ্ন তোলেন বিএনপির এই যুগ্ম মহাসচিব। ভারতীয় পণ্য বয়কট প্রচারণাকে সামাজিক আন্দোলন উল্লেখ করে তাতে সংহতি জানানো ন্যায়সঙ্গত হয়েছে বলে মন্তব্য করেন মি. রিজভী।

যে কয়েকটি দল দলীয়ভাবে ভারতীয় পণ্য বয়কটের প্রচারণা চালাচ্ছে তার একটি গণ-অধিকার পরিষদ। দলটির নেতা ও ডাকসুর সাবেক ভিপি নুরুল হক বলেন, "জনগণের বিরুদ্ধে গিয়ে যখন ভারত একটা রাজনৈতিক দলকে সমর্থন দেয়, তখন বাংলাদেশের অস্তিত্ব রক্ষার জন্য ভারতের এই আগ্রাসী নীতির বিরুদ্ধে জনগণকে দাঁড়াতে হয়। তাই ভারতীয় নীতিনির্ধারকদের কাছে একটা বার্তা দিতে এই ক্যাম্পেইন করা হচ্ছে,,। তবে বিএনপি দলীয়ভাবে এই প্রচারণায় অংশ না নেয়া নিয়ে কোন মন্তব্য করতে চাননি মি. হক। ভারত বিরোধী ইস্যুতে বিএনপি এখনো দলীয় সিদ্ধান্তে পৌছাতে পারেনি। বরং যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীর বক্তব্য নিয়ে দলের মধ্যেই যে বিতর্ক তৈরি হয়েছে তাতে এই বিষয়টিকে নেতৃত্বের সংকট বলে মনে করছেন বিশ্লেষকরা। তারা বলছেন, বিএনপির মধ্যে নেতৃত্বের সংকট চলছে। ফলে এটি যুগ্ম মহাসচিবের ব্যক্তিগত বক্তব্য নাকি কতখানি বিএনপির সিদ্ধান্ত তা নিয়ে দ্বিধাদ্বন্দ্ব রয়েছে। রাজনৈতিক সম্পর্ক বিশ্লেষক দিলারা চৌধুরী বিবিসি বাংলাকে বলেন, "এই কর্মসূচি নিয়ে দেখা যাচ্ছে বিএনপির দলের মধ্যেই দ্বন্দ্ব আছে। রিজভীর চাদর পোড়ানোর মধ্য দিয়ে দ্বন্দ্ব প্রকাশ্যে এসেছে,,। "আরেক দল বলছে ভারতকে আমরা অসন্তুষ্ট করবো না কারণ তাহলে ক্ষমতায় আসা যাবে না। আবার আরেকদল ভাবছে তাদের অফিসিয়াল স্ট্যান্ড গণতন্ত্র, সার্বভৌমত্বের জন্য ফাইট করবো। সুতরাং দলের মধ্যেই এরকম একটা দ্বন্দ্ব দেখা যাচ্ছে বলে আমার মনে হয়,, বলেন মিজ চৌধুরী।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ইমতিয়াজ আহমেদ বিবিসি বাংলাকে বলেন, "বিএনপির মধ্যে যে লিডারশীপের ক্রাইসিস চলছে। কে মহাসচিব হবে সেটা একটা বিষয়। আরেকটা বিষয় নির্বাচনে যেহেতু পশ্চিমা দেশের সাপোর্ট তা সেভাবে ফলপ্রসূ হয়নি। তাই অ্যান্টি ভারত সেন্টিমেন্ট সামনে নিয়ে এসে সেটাকে কাজে লাগিয়ে তারা সাফল্য পেতে চায়,,। ভারত-বিরোধী এই কর্মসূচির কোন প্রভাব নেই বরং বিএনপি এতে যুক্ত হলে আওয়ামী লীগকে সাহায্য করবে বলেই মনে করেন রাজনৈতিক সম্পর্ক বিশ্লেষকরা। মি. আহমেদ বলেন, "এটার কোন ইমপ্যাক্ট নেই। স্যাংশন বা বয়কট কোন কাজে দেয় না। বরং তারাই উপকৃত হয়। এটা যেমন আওয়ামী লীগকেই হেল্প করবে,,। বিএনপির ভারত বিরোধী অবস্থান রাজনীতিতে নতুন কিছু নয়। কোন কোন সময় প্রকাশ্যে বিরোধীতা করলেও আবার সতর্ক অবস্থানে চলে যায় দলটি। বিএনপি বরাবরই আওয়ামী লীগকে ভারতের সমর্থনপুষ্ট হিসেবে প্রচার করলেও ২০১৪ সালের নির্বাচনের পর ভারতের সাথে সম্পর্কোন্নোয়নের বেশ চেষ্টা করেছিলো। ২০১৪ সালে বিএনপি নির্বাচন বর্জন করে। সে সময় দলটির মহাসচিব খন্দকার দেলোয়ার হোসেন প্রকাশ্যেই ভারতের প্রতি কাউকে `ব্লাইন্ড সমর্থন, না দেয়ার আহবান জানিয়েছিলেন। যা ব্যাপক আলোচনা – সমালোচনার জন্ম দিয়েছিলো। এরপর, ২০১৮ সালের নির্বাচনের পর বিএনপিকে ভারত ইস্যুতে সরব হতে দেখা যায়। পরের বছরই প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভারত সফরকে কেন্দ্র করে প্রকাশ্যে বিএনপি ভারতের সমালোচনা করে। ওই সফরে যে চুক্তি করা হয় তার বিরোধিতা করে ঢাকায় সমাবেশ করেছে দলটি।

তখন বেশ কয়েক বছর পর বিএনপির এই প্রকাশ্য বিরোধী অবস্থান ছিলো। এর আগে ২০১২ সালের অক্টোবরে বিএনপি নেত্রী খালেদা জিয়া সংসদের বিরোধী দলীয় নেতা হিসেবে ভারত সরকারের আমন্ত্রণে দিল্লি সফর করেছিলেন। এরপর থেকে জেলে যাওয়া পর্যন্ত বিএনপি নেত্রী ভারতের বিরোধীতা বা সমালোচনা করে কোন বক্তব্য দিতে দেখা যায়নি। বিভিন্ন সময় চট্টগ্রাম এবং মংলা বন্দর নিয়ে বিএনপির রক্ষণশীল অবস্থান থাকলেও সে সময় এই বন্দর ভারতকে ব্যবহার করতে দেয়ার ব্যাপারে চুক্তির পর দলটি সতর্কভাবে লিখিত বিবৃতির মাধ্যমে তাদের বক্তব্য দেয়। ২০১৩ সালে ভারতের তখনকার রাষ্ট্রপতি প্রণব মুখার্জীর ঢাকা সফরের সময় বিরোধী দলীয় নেত্রী হিসেবে বিএনপি চেয়ারপার্সন খালেদা জিয়ার সাক্ষাৎ বাতিলের সিদ্ধান্তের ফলে দলটির সাথে ভারতের সম্পর্কের আরো অবনতি হয়। পরে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ঢাকা সফরের সময় তার সাথে হোটেলে গিয়ে দেখা করেন খালেদা জিয়া। সর্বশেষ ২০২১ সালে বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ঢাকা সফরের প্রতিবাদে যে সহিংস বিক্ষোভ হয়েছিলো সেটিও বিএনপিসহ বিরোধী দলগুলোর সঙ্গে দিল্লির দূরত্ব আরও বাড়িয়েছে বলে অনেকে মনে করেন। আর গত ৭ই জানুয়ারির দ্বাদশ জাতীয় নির্বাচনের আগে থেকেই ভারতের ভূমিকায় ক্ষোভ প্রকাশ করে আসছে বিএনপি। সুষ্ঠু ও অবাধ নির্বাচনের জন্য যুক্তরাষ্ট্রসহ পশ্চিমারা আওয়ামী লীগ সরকারের ওপর যে চাপ তৈরি করেছিলো সেটি ভারতের কারণে ভেস্তে গিয়েছিলো বলে মনে করেন বিএনপি নেতারা।

(বিবিসি ওয়েব পেজ:২৮.০৩.২০২৪ রিহাব)

# ভয়েস অফ আমেরিকা

## কাতারের আমির দুই দিনের সফরে ২২ এপ্রিল ঢাকায় আসছেন

কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি দুই দিনের সফরে ২২ এপ্রিল ঢাকায় আসছেন। আমির শেখ তামিম বিন হামাদ আল থানির নির্ধারিত বাংলাদেশ সফরে জনশক্তি, জ্বালানি, বাণিজ্য ও বিনিয়োগের ক্ষেত্রে বৃহত্তর সহযোগিতার মাধ্যমে বিদ্যমান সম্পর্ক আরও জোরদার করতে চায় দুই দেশ। পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, দুই দেশের মধ্যে প্রায় ডজনখানেক সমঝোতা স্মারক ও চুক্তি চূড়ান্ত করার বিষয়ে আলোচনা চলছে, যেগুলো আমিরের সফরকালে সই করা হবে। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে কাতারের আমিরের বৈঠকের পর যেসব সমঝোতা স্মারক ও চুক্তি সই হবে, সেগুলো নিয়ে দুই পক্ষ এখন কাজ করছে। সফরের বিভিন্ন দিক নিয়ে আলোচনার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় ইতোমধ্যে আন্তঃমন্ত্রণালয় সভা করেছে। ২০২৩ সালের মার্চে কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানির সঙ্গে দোহায় বৈঠক করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি জ্বালানি চাহিদা মেটাতে কাতারের কাছে জ্বালানি বিশেষ করে এলএনজি সরবরাহে সহযোগিতার আহ্বান জানান। ১৯৭৪ সালের ফেব্রুয়ারিতে অনুষ্ঠিত দ্বিতীয় ওআইসি শীর্ষ সম্মেলনের পর ১৯৭৪ সালের ৪ মার্চ কাতার বাংলাদেশকে একটি সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয়। ১৯৭৫ সালের ২৫ জুন দোহায় বাংলাদেশ তার কূটনৈতিক মিশন চালু করে। ১৯৮২ সালে ঢাকায় কূটনৈতিক মিশন খোলে দেশটি। বাংলাদেশ ও কাতারের মধ্যকার দ্বিপক্ষীয় সম্পর্ক পারস্পরিক শ্রদ্ধা; অভিন্ন মূল্যবোধ, ধর্মীয় ভিত্তি, সংস্কৃতি এবং ঐতিহ্যের ওপর ভিত্তি করে প্রতিষ্ঠিত। (ভোয়া ওয়েব পেজ: ২৮.০৩.২০২৪ রুবাইয়া)

## নিউইয়র্কে পুলিশের গুলিতে বাংলাদেশি কিশোর নিহত

যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের কুইন্সে পুলিশের গুলিতে প্রাণ হারিয়েছে ১৯ বছর বয়সী বাংলাদেশি অভিবাসী উইন রোজারিও। স্থানীয় সময় বুধবার (২৮ মার্চ) দুপুরে এ ঘটনা ঘটে। দ্য নিউইয়র্ক টাইমস এক প্রতিবেদনে জানিয়েছে, ওজোন পার্কে তার পরিবারের সঙ্গে যে অ্যাপার্টমেন্টে বসবাস করত সেখানেই এই ঘটনা ঘটে। এ ঘটনা সেখানকার বাঙালি সম্প্রদায়ের মধ্যে চাঞ্চল্য সৃষ্টি করেছে। পুলিশ কর্মকর্তাদের মতে, কর্মকর্তারা ৯১১ নম্বরে কল করে এক ব্যক্তিকে মানসিকভাবে বিপর্যস্ত বলে জানান। সেখানে পৌঁছানোর পরে, তারা ছুরি হাতে উইনকে দেখতে পান। পুলিশ প্রথমে টেজার দিয়ে তাকে নিবৃত্ত করার চেষ্টা করে। কিন্তু তার মা অপ্রত্যাশিতভাবে এর মধ্যে এসে পড়লে পরিস্থিতি আরও উত্তপ্ত হয়ে ওঠে। ফলে প্রাণঘাতি গুলি চালানো হয়। নিউইয়র্ক টাইমসের প্রতিবেদনে বলা হয়েছে, এই দুঃখজনক ঘটনার মধ্যে দিয়ে মানসিক স্বাস্থ্য সংকটের সময় পুলিশের ভূমিকা সম্পর্কে নানা বিষয় তুলে ধরে। সমালোচকেরা যুক্তি দিয়েছেন যে বর্তমান পদ্ধতির যথেষ্ট সংবেদনশীলতার অভাব রয়েছে এবং পরিস্থিতি মারাত্মক হয়ে যাচ্ছে। এতে আরও বলা হয়, নিউইয়র্ক সিটিতে এ ধরনের পরিস্থিতি মোকাবিলার জন্য উদ্যোগগুলো বাস্তবায়িত হয়েছে, যার মধ্যে একটি পরীক্ষামূলক কর্মসূচি রয়েছে, যেখানে মানসিক স্বাস্থ্যবিষয়ক পেশাদারেরা আইন প্রয়োগকারী সংস্থার পাশাপাশি প্রতিক্রিয়া জানায়। তবে, এই প্রচেষ্টাগুলো এখনও গোটা শহরে পুরোপুরি গৃহীত হয়নি, সংকট সমাধানের ক্ষেত্রে নানা ফাঁকফোকর রয়েছে। উইনের মৃত্যুই এর প্রমাণ। কুইন্স বরো প্রেসিডেন্ট ডোনোভান রিচার্ডস মানসিক স্বাস্থ্য সেবা সম্প্রসারণের গুরুত্বের ওপর জোর দিয়েছেন। মানসিক স্বাস্থ্য সংকট মোকাবিলায় সমাজের পদ্ধতিগত পরিবর্তনে আহ্বান জানান তিনি। উইন রোজারিওর বাবা ফ্রান্সিস রোজারিও জানান, তার পরিবার ১০ বছর আগে বাংলাদেশ থেকে নিউইয়র্কে এসেছিল। উইনের স্বপ্ন ছিল যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীতে যোগ দেওয়া। তবে পরিবারের গ্রিন কার্ড পেতে বিলম্বের কারণে উইনের সেই পরিকল্পনা আটকে যায়। গ্রিন কার্ড ২০২৩ সালে অনুমোদিত হয়েছিল বলে গণমাধ্যমের খবরে বলা হয়েছে।

আইন-শৃঙ্খলা বাহিনীর বক্তব্যের বিরোধিতা ভাইয়ের

এদিকে, ঘটনার প্রত্যক্ষদর্শী নিহতের ভাই উশতু রোজারিও পুলিশের বক্তব্যের বিরোধিতা করে বলেছেন, কর্মকর্তারা যখন গুলি চালায় তখন তাদের মা উইনকে ধরে রেখেছিলেন। উশতু জোর দিয়ে বলেন, প্রাণঘাতী শক্তি প্রয়োগ অপ্রয়োজনীয় ছিল। তিনি আরও বলেন, দুজন সশস্ত্র কর্মকর্তাকে দেখেও উইন মারাত্মক হুমকিস্বরূপ কোনো পরিস্থিতি তৈরি করেনি। (ভোয়া ওয়েব পেজ: ২৮.০৩.২০২৪ রুবাইয়া)

## আইসিসির এলিট প্যানেলে বাংলাদেশি আম্পায়ার শরফুদ্দৌলা

প্রথম বাংলাদেশি আম্পায়ার হিসেবে আইসিসির আম্পায়ারদের এলিট প্যানেলে জায়গা করে ইতিহাস গড়েছেন ৪৭ বছর বয়সী শরফুদ্দৌলা ইবনে শহীদ। আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের (আইসিসি) বার্ষিক পর্যালোচনার পর এই ঘোষণা দেওয়া হয়েছে। আইসিসির জেনারেল ম্যানেজার ক্রিকেটার ওয়াসিম খান (চেয়ারম্যান), সঞ্জয় মাঞ্জরেকার (সাবেক খেলোয়াড় ও ধারাভাষ্যকার), টনি হিল (অবসরপ্রাপ্ত আম্পায়ার) এবং মাইক রিলেকে (পরামর্শক কর্মকর্তা বিশেষজ্ঞ) নিয়ে গঠিত একটি নির্বাচক প্যানেল শরফুদ্দৌলাকে পদোন্নতির জন্য বাছাই করেছেন। ২০১০ সালে বাংলাদেশ ও শ্রীলঙ্কার বিপক্ষে মিরপুরের ওয়ানডে দিয়ে আন্তর্জাতিক আম্পায়ারিংয়ে অভিষেক হয় শরফুদ্দৌলার। এখন

পর্যন্ত পুরুষদের ১০টি টেস্ট, ৬৩টি ওয়ানডে ও ৪৪টি টি-টোয়েন্টিতে অন-ফিল্ড আম্পায়ারের দায়িত্ব পালন করেছেন। এর পাশাপাশি মেয়েদের ১৩টি ওয়ানডে ও ২৮টি টি-টোয়েন্টিতেও দায়িত্ব পালন করেছেন। তিনি আইসিসি নারী ক্রিকেট বিশ্বকাপ (২০১৭ ও ২০২১), আইসিসি পুরুষদের ক্রিকেট বিশ্বকাপ ২০২৩ এবং আইসিসি নারী টি২০ বিশ্বকাপ ২০১৮ এর মতো বড় টুর্নামেন্টেও অংশ নিয়েছেন। মূলত দক্ষিণ আফ্রিকার মারাই এরাসমাস অবসরে যাওয়ার পর থেকে শরফুদ্দৌলার এলিট প্যানেলে ঢোকার সম্ভাবনা বেড়ে যায়। শরফুদ্দৌলা বলেন, ”আইসিসির এলিট প্যানেলে জায়গা পাওয়াটা অনেক সম্মানের। এই প্যানেলে আমার দেশ এটিই প্রথম। তাই এটিকে আরও বিশেষ পাওয়া। আমার প্রতি তারা যে আস্থা রেখেছেন, আমি তার মর্যাদা রাখতে সর্বোচ্চ চেষ্টা করব। তিনি আরও বলেন, ”আমাকে ও আমার অন্য সতীর্থদের প্রতি তাদের সার্বিক সহায়তা, দিকনির্দেশনা ও সমর্থন করার জন্য আমি আইসিসি ও বিসিবিকে ধন্যবাদ জানাই। আমি আমার পরিবার এবং বন্ধুদেরও ধন্যবাদ জানাতে চাই- যারা আমার পাশে দাঁড়িয়েছেন এবং আমাকে সমর্থন করেছেন।

আইসিসির এলিট প্যানেল আম্পায়ার

কুমার ধর্মসেনা (শ্রীলঙ্কা), ক্রিস্টোফার গ্যাফানি (নিউজিল্যান্ড), মাইকেল গফ (ইংল্যান্ড), আদ্রিয়ান হোল্ডস্টক (দক্ষিণ আফ্রিকা), রিচার্ড ইলিংওর্থ (ইংল্যান্ড), রিচার্ড কেটেলবরো (ইংল্যান্ড), নিতিন মেনন (ভারত), আহসান রাজা (পাকিস্তান), পল রাইফেল (অস্ট্রেলিয়া), রডনি টাকার (অস্ট্রেলিয়া), জোয়েল উইলসন (ওয়েস্ট ইন্ডিজ) ও শরফুদ্দৌলা ইবনে শহীদ (বাংলাদেশ)। (ভোয়া ওয়েব পেজ: ২৮.০৩.২০২৪ রুবাইয়া)

## বিএনপির ৮০ শতাংশ নেতা-কর্মী নির্যাতনের শিকার: মির্জা ফখরুল

বিরোধী রাজনৈতিক দল বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, বিএনপির ৮০ শতাংশ নেতাকর্মী ফ্যাসিবাদী আওয়ামী লীগ সরকারের নির্যাতনের শিকার হয়েছেন। তিনি বলেন, নির্যাতন ও জনগণকে দমন করা ছাড়া তারা ক্ষমতা ধরে রাখতে পারবে না। তাদের দমন-পীড়নের প্রথম শিকার বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া, যার জন্য তিনি লড়াই করছেন। বৃহস্পতিবার (২৮ মার্চ) রাজধানী ঢাকার গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে `আমরা বিএনপি পরিবার, আয়োজিত গুমের শিকার পরিবারের সদস্যদের মাঝে ইদ উপহার বিতরণ অনুষ্ঠানে মির্জা ফখরুল এসব কথা বলেন। তিনি বলেন, মানুষের অধিকার ও গণতন্ত্র প্রতিষ্ঠার লক্ষ্যে ফ্যাসিস্ট সরকার বা একদলীয় শাসনের বিরুদ্ধে বিএনপি আন্দোলন শুরু করলে নেতা-কর্মীদের উপর দমন-পীড়ন শুরু করে তারা। মির্জা ফখরুল অভিযোগ করে বলেন, তারা এমন ভয়ের পরিবেশ তৈরি করেছে, যেখানে কেউ স্বাধীনভাবে কথা বলতে পারছে না, লিখতেও পারছে না। তিনি বলেন, ফ্যাসিবাদী সরকারের দমন-পীড়ন এমন পর্যায়ে পৌঁছেছে যে, বিরোধী দলের নেতা-কর্মীর বাবা-মা, ছেলে–মেয়ে ও স্ত্রীসহ পরিবারের অন্য সদস্যরাও রেহাই পায়নি। তিনি আরও বলেন, জামিন পেয়ে কারাগার থেকে বের হয়ে নখ উপড়ে ফেলা, পা ভাঙাসহ নানা অমানবিক নির্যাতনের অভিজ্ঞতা তুলে ধরেছেন ভুক্তভোগীরা। সবচেয়ে দুঃখজনক বিষয় হলো, তারা কোনো চিকিৎসা করাতে পারেননি।বসকল শক্তিকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়ে মির্জা ফখরুল বলেন, এই ভয়াবহ অবস্থা থেকে দেশকে মুক্ত করতে একটি গণতান্ত্রিক রাজনৈতিক দল হিসেবে আমরা আমাদের সামর্থ্যের চেয়ে বেশি কাজ করে যাচ্ছি। তিনি বলেন, গণতন্ত্র পুনরুদ্ধারের জন্য ১৯৬৯, ১৯৭১, ১৯৯০ সালের মতো ঐক্য গড়ে তোলার কোনো বিকল্প নেই। সেসময় জনগণ একতাবদ্ধ হয়ে ফ্যাসিবাদী ও স্বৈরাচারী সরকারের বিরুদ্ধে লড়াই করেছিল।

(ভোয়া ওয়েব পেজ: ২৮.০৩.২০২৪ রুবাইয়া)

## ২০০১ সালের পর আওয়ামী লীগের প্রায় ২১ হাজার নেতাকর্মীকে হত্যা করা হয়েছে : ওবায়দুল কাদের

এদিকে, ক্ষমতাসীন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বিএনপি নেতাদের বক্তব্যের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে বলেছেন, ২০০১ সালের পর বিএনপি-জামায়াত জোট সরকারের সময় আওয়ামী লীগের প্রায় ২১ হাজার নেতাকর্মীকে হত্যা করা হয়েছে। বুধবার (২৭ মার্চ) গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে তিনি এ কথা বলেন। স্বৈরশাসনের গর্ভে জন্ম নেওয়া বিএনপি মহান মুক্তিযুদ্ধ ও গণতন্ত্রের আদর্শ ও মূল্যবোধকে ধ্বংস করার অপচেষ্টা অব্যাহত রেখেছে বলেও অভিযোগ করেন তিনি। ওবায়দুল কাদের বলেন, বিএনপি নেতাদের উচিত অগণতান্ত্রিক কর্মকাণ্ডের জন্য জাতির কাছে নিঃশর্ত ক্ষমা চাওয়া। কিন্তু তারা তা না করে বরাবরের মতো অসৎ উদ্দেশ্য প্রণোদিত বক্তব্য দিচ্ছেন। তিনি বলেন, আজকে গণতন্ত্রের ঘাতকরা যখন গণতন্ত্রের কথা বলেন, তার মানে তাদের উদ্দেশ্য ভিন্ন।গণতন্ত্রের প্রতি বিএনপির কোনো দায়বদ্ধতা নেই উল্লেখ করে তিনি বলেন, গণতন্ত্রের জন্য এটা তাদের মায়াকান্না ছাড়া আর কিছুই নয়। ওবায়দুল কাদের বলেন, গণতন্ত্রের জন্য তাদের কান্না মূলত দেশকে ১ আগস্ট গ্রেনেড হামলার মাস্টারমাইন্ড, হাওয়া ভবনের মাস্টারমাইন্ড, সন্ত্রাস ও দুর্নীতির বরপুত্র তারেক রহমানের দুঃশাসনের যুগে দেশকে ফিরিয়ে নিয়ে যাওয়া। তিনি আরও বলেন, এ দেশে গণতান্ত্রিক আদর্শ বাস্তবায়নে বিএনপি প্রধান বাধা। এই অন্ধকারের অপশক্তির বিরুদ্ধে এ দেশের গণতান্ত্রিক ও দেশপ্রেমিক নাগরিক সমাজ আজ ঐক্যবদ্ধ। (ভোয়া ওয়েব পেজ: ২৮.০৩.২০২৪ রুবাইয়া)

## কুড়িগ্রামের ‘বিশেষ অর্থনৈতিক অঞ্চল, পরিদর্শন করেছেন ভুটানের রাজা জিগমে খেসার ওয়াংচুক

বাংলাদেশে চার দিনের রাষ্ট্রীয় সফরের শেষ দিনে কুড়িগ্রাম জেলায় ‘ভুটানিজ বিশেষ অর্থনৈতিক অঞ্চল, পরিদর্শন করেছেন ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক। বৃহস্পতিবার (২৮ মার্চ) কুড়িগ্রামের ধরলাপাড়ের অর্থনৈতিক অঞ্চলের জন্য নির্ধারিত স্থানটি পরিদর্শন করেন তিনি। ভুটানিজ বিশেষ অর্থনৈতিক অঞ্চলের জন্য প্রস্তাবিত এলাকাটি পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেছেন ভুটানের রাজা জিগমে খেসার ওয়াংচুক। অর্থনৈতিক অঞ্চল সংলগ্ন যাতায়াত ব্যবস্থা ও পোর্ট কানেকটিভিটি নিয়েও সন্তোষ প্রকাশ করেন তিনি। জিটুজি অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য রাজা জিগমে খেসার ওয়াংচুক তাঁর সরকারের পক্ষ থেকে প্রয়োজনীয় কার্যক্রম শুরুর পাশাপাশি সব সহযোগিতার আশ্বাস দিয়েছেন। একইসঙ্গে ভুটানিজ বিশেষ অর্থনৈতিক অঞ্চল স্থাপনে সংশ্লিষ্ট কর্মকাণ্ড ত্বরান্বিত করতে বেজার নির্বাহী চেয়ারম্যানকে অনুরোধ জানান রাজা জিগমে খেসার ওয়াংচুক। উন্নয়ন কার্যক্রম শুরু হলে বিশেষ অর্থনৈতিক অঞ্চলটি আবার পরিদর্শনের আগ্রহ ব্যক্ত করেন তিনি। রাজা জিগমে খেসার ওয়াংচুক এই বিশেষ অর্থনৈতিক অঞ্চলে স্থানীয় ও আঞ্চলিক চাহিদা বিবেচনায় নিয়ে শিল্পপ্রতিষ্ঠান গড়ে তোলার প্রতি গুরুত্বারোপ করেন। তিনি আরও জানান, ভূটান থেকে এ বিষয়ে একটি ব্যবসায়ী প্রতিনিধিদল বিনিয়োগের তথ্য উপাত্ত সংগ্রহে শিগগিরই বাংলাদেশ সফরে আসবে। এ সময় বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের (বেজা) নির্বাহী চেয়ারম্যান শেখ ইউসুফ হারুনসহ প্রধানমন্ত্রীর কার্যালয়, পররাষ্ট্র মন্ত্রণালয় ও কুড়িগ্রাম জেলা প্রশাসনের সংশ্লিষ্ট প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। এর আগে সোমবার (২৫ মার্চ) জিটুজি (সরকার ও সরকার পর্যায়ে) ভিত্তিক বিশেষ অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার জন্য বাংলাদেশ সরকার ও ভুটানের মধ্যে একটি সমঝোতা স্মারক সই হয়। বাংলাদেশের পক্ষে স্মারকে সই করেন বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান শেখ ইউসুফ হারুন। এ ছাড়া, ২৭ মার্চ রাজা জিগমে খেসার ওয়াংচুকের সঙ্গে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব তোফাজ্জল হোসেন মিয়া এবং বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান শেখ ইউসুফ হারুনের দ্বিপক্ষীয় সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এর আগে ২০২৩ সালের ৬ মে মাসে লন্ডনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও রাজা জিগমে খেসার ওয়াংচুকের সাক্ষাৎকালে বাংলাদেশের কুড়িগ্রামে একটি বিশেষ অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার আগ্রহ দেখায় ভুটান। উল্লেখ্য, কুড়িগ্রামের সদর উপজেলায় মাধবরামে ২১৯ দশমিক ৬৪ একর জমিতে বাংলাদেশ সরকার ও ভুটান সরকারের যৌথ উদ্যোগে জিটুজি ভিত্তিতে ‘ভুটানিজ বিশেষ অর্থনৈতিক অঞ্চল, প্রতিষ্ঠা করা হচ্ছে।

## ভুটানের উদ্দেশ্যে বাংলাদেশ ত্যাগ

চার দিনের রাষ্ট্রীয় সফর শেষে কুড়িগ্রামের সোনাহাট স্থলবন্দর দিয়ে ভারত হয়ে ভুটানের উদ্দেশ্যে বাংলাদেশ ত্যাগ করেছেন ভুটানের রাজা জিগমে খেসার ওয়াংচুক। দুপুরে কুড়িগ্রামে ‘ভুটানিজ বিশেষ অর্থনৈতিক অঞ্চল, পরিদর্শন শেষে নিজ দেশের উদ্দেশে রওনা হন তিনি। সফররত ভুটানের রাজাকে বিদায় জানান নৌ পরিবহনমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। এর আগে ভুটানের রাজা ১৪ সদস্যের সফরসঙ্গী নিয়ে সকালে সৈয়দপুর বিমানবন্দরে অবতণ করেন। পরে সড়ক পথে দুপুর পৌনে ১২টায় কুড়িগ্রাম সার্কিট হাউজে পৌঁছেন। সেখানে মধ্যাহ্নভোজ শেষে দুপুর দেড়টায় বিশেষ অর্থনৈতিক অঞ্চলের নির্ধারিত স্থান পরিদর্শন করেন। উল্লেখ্য, সোমবার (২৫ মার্চ) চার দিনের রাষ্ট্রীয় সফরে বাংলাদেশে আসেন রাজা জিগমে খেসার ওয়াংচুক। সফরকালে রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক ও সাক্ষাৎ অনুষ্ঠিত হয়েছে। এ ছাড়া, দ্বিপক্ষীয় সমঝোতা স্মারক সই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তিনি। পাশাপাশি মহান স্বাধীনতা দিবসের সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দেন রাজা ও রানি। (ভোয়া ওয়েব পেজ: ২৮.০৩.২০২৪ রুবাইয়া)

## সীমান্তে বাংলাদেশিদের মৃত্যু কমেছে : পররাষ্ট্রমন্ত্রী

পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, বাংলাদেশ-ভারত সীমান্তে অতীতের তুলনায় সাম্প্রতিক দিনগুলোতে প্রাণঘাতী নয় এমন অস্ত্রের ব্যবহার বেড়েছে, যার ফলে দুই দেশের সীমান্তে বাংলাদেশিদের মৃত্যুর সংখ্যা কমেছে। তিনি বলেন, ভারতের সঙ্গে আমাদের দীর্ঘদিন ধরে আলোচনা চলছে। কিছুদিন আগে আমি যখন ভারত সফরে গিয়েছিলাম, তখন আমরা বিষয়টি অত্যন্ত গুরুত্বের সঙ্গে আলোচনা করেছি, যাতে সীমান্তে প্রাণঘাতী নয় এমন অস্ত্র ব্যবহার করা যায়। অতীতের তুলনায় এখন প্রাণঘাতী নয় এমন অস্ত্রের ব্যবহার বেড়েছে। বৃহস্পতিবার (২৮ মার্চ) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে এ কথা বলেন তিনি। উল্লেখ্য, ২৫ মার্চ লালমনিরহাট ও ২৬ মার্চ নওগাঁ সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) সদস্যদের গুলিতে দুই বাংলাদেশি নিহত হন। সাংবাদিকেরা এ বিষয়ে তার কাছে জানতে চান। হাছান মাহমুদ জানান, বিএসএফের গুলিতে লালমনিরহাট ও নওগাঁয় দুই বাংলাদেশি নিহত হওয়ার ঘটনায় বিজিবির পক্ষ থেকে প্রতিবাদ জানানো ও সীমান্ত বৈঠক হয়েছে। তিনি বলেন, সীমান্ত এলাকায় এ ধরনের কোনো ঘটনা যেন না ঘটে তা তারা দেখতে চান। বিজিবি ও বিএসএফ যৌথ টহল, নজরদারি, জনসচেতনতামূলক কর্মসূচি জোরদার, অপরাধী বা বাসিন্দাদের সীমান্ত অতিক্রম রোধ এবং তথ্য বিনিময়ের মাধ্যমে সীমান্তে বাংলাদেশি

নাগরিকদের হতাহতের সংখ্যা শূন্যের কোটায় নামিয়ে আনতে সম্মত হয়েছে। তিনি বলেন, যেহেতু বিজিবি ও বিএসএফ সম্পৃক্ত রয়েছে, তারা মনে করে সীমান্ত সমস্যার সমাধান হতে পারে।

জিম্মি জাহাজ ও ক্রুদের মুক্ত করার প্রচেষ্টায় অগ্রগতি হয়েছে

সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে হাছান মাহমুদ আরও জানান, ভারত মহাসাগরে সোমালিয়ার জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহ মুক্ত করতে সরকারের প্রচেষ্টার অগ্রগতি হয়েছে। হাছান মাহমুদ বলেন, আমাদের লক্ষ্য নাবিকদের অক্ষত অবস্থায় উদ্ধার করা এবং একইসঙ্গে জাহাজটিকেও উদ্ধার করা। আমি শুধু বলতে চাই, আমরা অনেক এগিয়েছি। তিনি বলেন, তারা যোগাযোগ রক্ষা করছেন এবং ক্রুদের উদ্ধারে বহুমুখী প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। জাহাজে খাদ্য সংকটের বিষয়ে তিনি বলেন, জাহাজ ছিনতাইয়ের ঘটনায় অতীতে কখনো খাদ্য সংকট দেখা দেয়নি। আশা করছি এ ক্ষেত্রেও তা হবে না। উল্লেখ্য, মোজাম্বিক থেকে ৫০ হাজার টন কয়লা নিয়ে দুবাই যাওয়ার পথে ১২ মার্চ বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহর নিয়ন্ত্রণ নেয় সোমালিয়ার জলদস্যুরা। পরে জাহাজটি তারা সোমালিয়ার একটি উপকূলে নোঙ্গর করে। জিম্মি করার ৯ দিনের মাথায় জলদস্যুরা মালিকদের সঙ্গে যোগাযোগ করে। (ভোয়া ওয়েব পেজ: ২৮.০৩.২০২৪ রুবাইয়া)

### চট্টগ্রামে কর্ণফুলী নদীতে মাছ ধরার ট্রলারে আগুন লেগে ৫ জন দগ্ধ

চট্টগ্রামের পতেঙ্গা উপজেলার কর্ণফুলী নদীর ১৫ নম্বর ঘাট এলাকায় মাছ ধরার ট্রলারে অগ্নিকাণ্ডের ঘটনায় পাঁচজন দগ্ধ হয়েছেন। বৃহস্পতিবার (২৮ মার্চ) বিকেলে ট্রলারে আগুন লাগার ঘটনা ঘটে। খবর পেয়ে বাংলাদেশ কোস্টগার্ডের একটি জাহাজ আগুন নেভাতে ঘটনাস্থলে যায়। আহতদের মধ্যে চারজন হলেন- জামাল উদ্দিন (৫৫), মাহমুদুল করিম (৪৫), মফিজুর রহমান (৪৫) ও এমরাম (২৮)। তাদের চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) হাসপাতালের বার্ন ইউনিটে ভর্তি করা হয়েছে। চমেক হাসপাতালের পুলিশ ফাঁড়ির সহকারী উপ-পরিদর্শক (এএসআই) নুরুল আলম আশিক বিষয়টি নিশ্চিত করেছেন। ধারণা করা হচ্ছে, ট্রলারের রান্নাঘরে থাকা সিলিন্ডার বিস্ফোরণ থেকে আগুনের সূত্রপাত হয়েছে।(ভোয়া ওয়েব পেজ: ২৮.০৩.২০২৪ রুবাইয়া)

## রেডিও তেহরান

### নির্যাতনের শিকার বিএনপির ৮০ ভাগ নেতাকর্মী : মির্জা ফখরুল

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বা বিএনপির ৮০ ভাগ নেতাকর্মী দমন নিপীড়নের শিকার হয়েছেন বলে অভিযোগ করেছেন দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। আজ (বৃহস্পতিবার) রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারপারসনের কার্যালয়ে গণতন্ত্র পুনঃরুদ্ধার আন্দোলনে নিহত, গুম, পঙ্গুত্বের শিকার নেতাকর্মীর পরিবারের মাঝে ইদ উপহার বিতরণ কর্মসূচিতে তিনি এসব কথা বলেন। তিনি বলেছেন, দমন নির্যাতন আওয়ামী লীগের হাতিয়ার। বিএনপির মহাসচিব বলেন, সারাদেশে একটা ভীতিকর, ত্রাসের পরিস্থিতি তৈরি হয়েছে। কখন, কাকে, কীভাবে ধরে নিয়ে যায়, তার কোনো নিশ্চয়তা নেই। মির্জা ফখরুল তার ভাষায় বলেন, ফ্যাসিবাদী সরকার ক্ষমতায় থাকতে বিভিন্ন কৌশলে নির্বাচন ব্যবস্থাকে হাতিয়ার বানিয়েছে। সরকারের নিপীড়ন-নির্যাতনের কথা তুলে ধরে তিনি বলেন, এটা একটা ভয়াবহ ব্যাপার। একটা জাতি নিশ্চিহ্ন হয়ে যাওয়ার উপক্রম হয়েছে। অনুষ্ঠানের সামনে থাকা শিশু ও তরুণদের উদ্দেশ্য ফখরুল বলেন, তোমরা আশা হারাবে না। কখনও ভাববে না সবকিছু শেষ হয়ে গেছে। আন্দোলনে আমরা বিজয়ী হবে। (রেডিও তেহরান: ২০৩০ ঘ ২৮.০৩.২০২৪ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### পঞ্চম দিনের মতো কর্মবিরতিতে ট্রেইনি-ইন্টার্ন চিকিৎসকরা

চার দাবিতে টানা পঞ্চম দিনের মতো সারাদেশে কর্মবিরতি পালন করছেন পোস্ট গ্র্যাজুয়েট ট্রেইনি ও ইন্টার্ন চিকিৎসকেরা। তাদের দাবিগুলোর অন্যতম হল - ভাতা বাড়ানো, বকেয়া ভাতা পরিশোধ। সকালে কেন্দ্রীয় শহিদ মিনারের পাদদেশে অবস্থান কর্মসূচি পালন করেন কয়েকশ' ট্রেইনি ও ইন্টার্ন চিকিৎসক। সেখানে উপস্থিত ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে এফসিপিএস ট্রেনিংয়ে কর্মরত চিকিৎসক ডা. রাশেদুল ইসলাম দ্য ডেইলি স্টারকে বলেন, ``আমাদের ছয় মাস পরপর সরকার নির্ধারিত ভাতা দেওয়ার কথা, তা সত্ত্বেও গত নয় মাস ধরে আমাদের কোনো ভাতা দেওয়া হয়নি। তাছাড়া, পোস্ট গ্র্যাজুয়েট ট্রেইনি চিকিৎসকদের মাসিক ভাতা ৫০ হাজার টাকায় উন্নীতকরণ, বিএসএমএমইউর অধীনে ১২টি প্রাইভেট ইনস্টিটিউটের আবাসিক ও অনাবাসিক চিকিৎসকদের ভাতা পুনরায় চালু করা এবং চিকিৎসক সুরক্ষা আইন ও চিকিৎসকদের নিরাপদ কর্মস্থল নিশ্চিতকরণের দাবিতে আমরা আন্দোলন করে যাচ্ছি।'' ডা. রাশেদুল ইসলাম আরও বলেন, ``পরশু আমাদের দাবি-দাওয়া নিয়ে স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে কথা হয়েছে। তিনি আমাদের দাবি পূরণের আশ্বাস দিয়েছেন। আজ ক্যাবিনেট মিটিংয়ে স্বাস্থ্যমন্ত্রী আমাদের দাবি-দাওয়া নিয়ে কথা বলবেন বলে জানতে পেরেছি। পরে হয়তো তিনি আবার আমাদের সঙ্গে কথা বলতে পারেন। আমাদের দাবি-দাওয়া পূরণের ব্যবস্থা না হলে আমরা এই আন্দোলন চালিয়ে যাব।'' চিকিৎসকদের এই আন্দোলনের ঘোষণা আসে

গত শনিবার। সেদিন চার দফা দাবিতে কেন্দ্রীয় শহিদ মিনারে মানববন্ধন করেন চিকিৎসকরা। পরে আন্দোলনরত চিকিৎসকদের সঙ্গে কথা বলে দাবি পূরণের আশ্বাস দেন স্বাস্থ্যমন্ত্রী সামন্ত লাল সেন এবং রোববার পর্যন্ত সময় চান তিনি। কিন্তু এরপরও কর্মবিরতির ঘোষণা দেয় পোস্ট গ্র্যাজুয়েট প্রাইভেট ট্রেইনি ডক্টরস অ্যাসোসিয়েশন।
(ডয়চে ভেলে ওয়েব পেজ:২৮.০৩.২০২৪ রিহাব)

## লম্বা ইদের ছুটিতে কতজন ঢাকা ছাড়তে চান, কতজন পারবেন?

এবার ইদের ছুটির সঙ্গে যোগ হচ্ছে বাংলা নববর্ষের ছুটি। এর সঙ্গে সাপ্তাহিক বন্ধ মিলিয়ে লম্বা ছুটির মধ্যে পড়ছে বাংলাদেশ। তাই অন্যবারের তুলনায় এবার বেশি মানুষ ঢাকা ছাড়বেন বলে মনে করা হচ্ছে। শুধু ইদে গ্রামের বাড়িই নয়, অনেকে বিনোদনের জন্যও ঢাকা ছাড়বেন। দেশের বাইরেও যাবেন কেউ কেউ। বাংলাদেশে ১২ মার্চ রোজা শুরু হয়েছে। ইদের সরকারি ছুটি নির্ধারণ করা আছে ১০, ১১ এবং ১২ এপ্রিল। ২৯ রোজা হলে ১০ এপ্রিল হবে ইদ। তবে জনপ্রশাসন মন্ত্রণালয় ইদের আগেই ছুটির প্রজ্ঞাপন জারি করবে, যার প্রস্তাব ইতোমধ্যে প্রধানমন্ত্রীর দপ্তরে পাঠানো হয়েছে। ইদে যারা বাড়ি যাবেন তাদের কথা চিন্তা করে ছুটির সময় বাড়তে পারে বলে জানা গেছে। কারণ রোজা ২৯ টি হলে ঐ দিন বাড়ি রওনা হয়ে পরের দিন ইদ করা কষ্টের। আবার ১২ এপ্রিল শুক্রবার এমনিতেই সাপ্তাহিক ছুটি। সরকার তা বিবেচনা করলে ৯ এপ্রিল থেকে ছুটি শুরুর সম্ভাবনা আছে। বিভিন্ন পর্যায় থেকেও এমন দাবি আছে। তবে এর বাইরেও নানা হিসাবে ইদে এবার লম্বা ছুটি পাচ্ছেন চাকরিজীবীরা। ইদের আগে-পরে মিলিয়ে বলতে গেলে টানা ১০ দিন ছুটি পাবেন তারা। ইদের আগে শবে কদর আর পরে পহেলা বৈশাখ মিলিয়ে ৫ এপ্রিল থেকে ১৪ এপ্রিল এই দশ দিনের মধ্যে অফিস খোলা থাকবে মাত্র ৮ এপ্রিল। ৫ ও ৬ এপ্রিল শুক্র ও শনিবার সাপ্তাহিক ছুটি। ৭ এপ্রিল শবে কদর সরকারি ছুটি। ৮ এপ্রিল একদিন অফিস খোলা। একদিন বাড়লে ৯ থেকে ১২ এপ্রিল চার দিন ঈদের ছুটি। আবার ১২ ও ১৩ এপ্রিল শুক্র ও শনিবার সাপ্তাহিক ছুটি। ১৪ এপ্রিল রোববার বাংলা নববর্ষের সরকারি ছুটি। ঢাকার অনেকেই বিশেষ করে যারা সরকারি চাকরি করেন তাদের মধ্যে এবার তাই ইদের ছুটিতে ঢাকার বাইরে যাওয়ার আগ্রহ বেশি। সবাই যে গ্রামের বাড়িতে যাবেন তা নয়। কেউ কেউ সপরিবারে ঘুরতেও যাবেন। সরকারি চাকরিজীবী শাহ আলম বলেন, "এবার ইচ্ছা আছে ইদটা উপভোগ করার। গ্রামের বাড়ি যাওয়া ছাড়াও স্ত্রী-সন্তানদের নিয়ে রাঙামাটি যাওয়ার ইচ্ছ আছে।''
ইদে কক্সবাজার, রাঙামাটি, সাজেক, কুয়াকাটসহ পর্যটন কেন্দ্রগুলোতে এবার ভিড় হওয়ার সম্ভাবনা বেশি। সাজেকের রিসোর্ট ওনার্স অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক জেরি লুসাই ডয়চে ভেলেকে বলেন, ``ইদের তিন দিন এবং পরের দুইদিন বুকিং বেশি। রিসোর্ট এবং কটেজের প্রায় ৮০ ভাগ ইতোমধ্যে বুকিং হয়ে গেছে। গত ইদের চেয়ে এবার বুকিং বেশি। কারণ ছুটি বেশি। আমরাও বেশি গেস্ট আশা করছি। শেষ পর্যন্ত আগ্রহী সবাইকে আমরা হয়তো সিট দিতে পারব না।'' তিনি জানান,``আমাদের এখানে ছোট-বড় মিলিয়ে ১২০টি রিসোর্ট ও কটেজ আছে। মোট তিন হাজারের মতো গেস্টকে আমরা আবাসন সুবিধা দিতে পারি।'' কক্সবাজার হোটেল মালিক সমিতির সভাপতি আবুল কাসেম বলেন, "আমরা এবার বেশি গেস্ট আশা করছি। ইতোমধ্যে আগাম বুকিং শুরু হয়ে গেছে। অনেকে অপেক্ষা করছেন ইদের ছুটি বাড়ে কিনা। ইদের দিনেই আমাদের বুকিং-এর চাপ বেশি। ইদের পরেও চাপ আছে। আর দুই-একদিন পর কতটা চাপ হয় তা বোঝা যাবে।'' তিনি জানান, কক্সবাজারে একশ,র বেশি হোটেল আছে। সবমিলিয়ে পাঁচ হাজারের মতো কক্ষ আছে। রাঙামাটি পর্যটন মোটেলের নাঈমুল ইসলাম জানান, "ইদের তিন দিনের জন্য আমাদের এখনো কিছু রুম খালি আছে। কিন্তু ইদের পরের তিন দিনের বুকিং প্রায় শেষ। মাত্র কয়েকটি রুম বাকি আছে।'' ঢাকার আশপাশের রিসোর্টগুলোতেও এই ছুটিতে অনেকেই যাচ্ছেন। গাজীপুরের বেশ কয়েকটি রিসোর্টে খোঁজ নিয়ে জানা গেছে ইদের পরে দুইদিন বিশেষ করে ১৩ ও ১৪ তারিখে চাপ বেশি। সারা রিসোর্টের এমদাদ হোসেন জানান, "ইদের পরের তিন দিন দিনের ৮০ ভাগ রুম এবং কটেজই ভাড়া হয়ে গেছে।„ ২৪ মার্চ থেকে ট্রেনের আগাম টিকিট বিক্রি শুরু হয়েছে। এবার ইদে অতিরিক্ত আট জোড়া ট্রেন দেয়া হয়েছে। বাসেও দেয়া হচ্ছে অগ্রিম টিকিট। আকাশপথেও চাপ আছে। ইউএস বাংলার ম্যানেজার কামরুল ইসলাম জানান, তাদের অভ্যন্তরীণ ফ্লাইটে ইদের দিন এবং ইদের পরের তিন দিন চাপ বেশি। প্রায় সব টিকিটই বিক্রি হয়ে গেছে। তবে ইদের আগেও এবার চাপ বেশি। লম্বা ছুটির কারণে অনেকেই ঢাকার বাইরে যাচ্ছেন। তিনি জানান," ইদের দিন কক্সবাজারের সব ফ্লাইটের বুকিংই শেষ।„ খোঁজ নিয়ে জানা গেছে এবার ইদে দেশের বাইরে যাওয়ার সংখ্যাও কম না। এর মধ্যে বড় অংশটি যাচ্ছেন কলকাতা ও থাইল্যান্ড।
গত ইদে মেবাইল ফোনের সিমের হিসাবে ৫৩ লাখ ৫৪ হাজার ৮৩২ জন মানুষ ঢাকা ছেড়েছেন। তবে এটি প্রকৃত হিসাব নয়। কারণ সিমপ্রতি একজন হিসাব করা হয়েছে। আবার শিশুসহ যারা মোবাইল ফোন ব্যবহার করেন না তারা এই হিসাবের মধ্যে নাই। নগর বিশেষজ্ঞ অধ্যাপক ড. আদিল মোহাম্মদ খান বলেন, ``নানা তথ্য উপাত্ত বিশ্লেষণ করে আমাদের ধারণা ইদে ৪০-৫০ ভাগ মানুষ ঢাকার বাইরে চলে যান। আর এবার ছুটি লম্বা হওয়ায় এই সংখ্যা আরো বাড়বে বলে মনে হয়।'' সবশেষ জনশুমারিতে ঢাকার জনসংখ্যা বলা হয়েছে এক কোটি দুই লাখ ৭৮ হাজার। তবে ২০২৩ সালের জুনে স্থানীয় সরকারমন্ত্রী তাজুল ইসলাম সংসদে ঢাকার জনসংখ্যা দুই কোটি ১০ লাখ বলে উল্লেখ করেন। আর নগর বিশেষজ্ঞরাও মনে করেন ঢাকার জনসংখ্যা দুই কোটির বেশি। বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতির

মহাসচিব মোজাম্মেল হক চৌধুরী বলেন, ``আমাদের বিবেচনায় এবার ঢাকা এবং ঢাকার আশপাশের এলাকা থেকে এক কোটি ৬০ লাখ মানুষ ঢাকার বাইরে যাবেন। এর মধ্যে রাজধানী থেকেই ঢাকা ছাড়বেন এক কোটি মানুষ। এবার লম্বা ছুটি এবং সঙ্গে বাংলা নববর্ষ থাকায় মুসলমান ছাড়াও অন্য ধর্মের মানুষও ঢাকার বাইরে যাবেন। গত বছর ইদে আমাদের হিসাবে রাজধানী এবং আশপাশে এলাকা থেকে এক কোটি ২০ লাখ মানুষ ঢাকা ছেড়েছে।„ আদিল মোহাম্মদ খান বলেন," ঢাকা শহরে যারা থাকেন তাদের ৭৫-৮০ ভাগের মূল গ্রামে। আর যারা এখানে আছেন তাদের ৮০ ভাগের এই শহরে কোনো নিজস্ব বাড়ি ঘর নেই। ফলে প্রাণের টানে, নাড়ির টানে মানুষ একটু বড় ছুটি পেলেই গ্রামে চলে যায়। সেখানে তারা স্বজনদের সঙ্গে মিলিত হয়।'' (ডয়চে ভেলে ওয়েব পেজ:২৮.০৩.২০২৪ রিহাব)

## এনএইচকে

### জাপানি মুদ্রার সর্বনিম্নে নেমে যাওয়া অবস্থায় সরকার ও ব্যাংক অব জাপানের কর্মকর্তাদের বৈঠক

জাপানের সরকার এবং কেন্দ্রীয় ব্যাংকের কর্মকর্তারা প্রায় ৩৪ বছরে যা দেখা যায়নি সেরকম পর্যায়ে ইয়েন দুর্বল হয়ে যাওয়ার পর বুধবার বৈঠকে মিলিত হয়েছেন। অর্থ মন্ত্রণালয়, আর্থিক সেবা এজেন্সি এবং ব্যাংক অব জাপানের প্রতিনিধিরা অনানুষ্ঠানিক সেই বৈঠকে সম্মত হয়েছেন যে মুদ্রা বিনিময় হারে অত্যধিক উঠানামা কাম্য নয়। বুধবার ডলারের বিপরীতে ইয়েন অল্প সময়ের জন্য ১৫১.৯৭এ নেমে যায়। বিনিয়োগকারীদের অনেকেই এরকম দৃষ্টিভঙ্গী গ্রহণ করেছেন যে গত সপ্তাহে ব্যাংক অব জাপান এমন কি সুদের নেতিবাচক হারের সমাপ্তি টানার পরেও জাপানের শিথিল মুদ্রা পরিবেশ বজায় থাকবে। জাপানের আন্তর্জাতিক বিষয়ক অর্থ উপমন্ত্রী কান্দা মাসাতো বলেছেন, "আমরা যদি ইয়েনের অবমূল্যায়ন, মুদ্রাস্ফীতি এবং জাপান ও যুক্তরাষ্ট্রের মুদ্রা নীতির পার্থক্য বিবেচনা করে দেখি, তাহলে বাজারে এরকম ফটকাবাজী পদক্ষেপ লক্ষ্য করা যাবে, যা অর্থনীতির মৌলিক অবস্থান থেকে ব্যাখ্যা করা সম্ভব নয়। কান্দা আরও উল্লেখ করেন যে মুদ্রার অত্যধিক চলাচল সামাল দেয়ার সময় যে কোনোও পদক্ষেপ গ্রহণ সরকার বাতিল করছে না। (এনএইচকে ওয়েব পেজ: ২৮.০৩.২০২৪ রুবাইয়া)

## জাগো এফএম

### চারদিনের সফর শেষে ভুটানের পথে রাজা জিগমে

চারদিনের বাংলাদেশ সফর শেষে নিজ দেশে ফিরেছেন ভুটানের রাজা জিগমে খেসার নামগুয়েল ওয়াংচুক। বৃহস্পতিবার (২৮ মার্চ) কুড়িগ্রামের সোনাহাট স্থলবন্দরে ভুটানের রাজাকে বিদায় জানান নৌ পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। এ সময় বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) তাকে গার্ড অফ অনার দেয়। এ সময় অন্যান্যের মধ্যে নৌ পরিবহন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব বিধায়ক রায় চৌধুরী, স্থলবন্দর কর্তৃপক্ষের সদস্য মোহাম্মদ জাহাঙ্গীর কবীর, পরিচালক ডি এম আতিকুর রহমান, পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাউথ এশিয়ার মহাপরিচালক রকিবুল হক, চিফ অব প্রটোকল নাঈম উদ্দিন আহমেদ এবং নৌ পরিবহন প্রতিমন্ত্রীর একান্ত সচিব মোহা. আমিনুর রহমান উপস্থিত ছিলেন। এর আগে গত ২৫ মার্চ স্বাধীন বাংলাদেশকে প্রথম স্বীকৃতি দানকারী দেশ ভুটানের রাজা জিগমে খেসার নামগুয়েল ওয়াংচুক চারদিনের রাষ্ট্রীয় সফরে ঢাকায় আসেন। এদিন সকাল সোয়া ১০টায় ঢাকায় বিমানবন্দরে পৌঁছার পর তাকে লালগালিচা সংবর্ধনা দেওয়া হয়। রাষ্ট্রীয় অতিথি রাজা ওয়াংচুককে ফুলেল শুভেচ্ছা জানান রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন। তাকে স্বাগত জানানোর পর গার্ড অফ অনার দেওয়া হয়। এ সময় উভয় দেশের জাতীয় সংগীত বাজানো হয়। ভুটানের রাজা এসময় প্রেসিডেন্ট গার্ড পরিদর্শন করেন। এরপর রাজা ধানমন্ডি ৩২ নম্বরে জাতির জনক শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানান এবং বঙ্গবন্ধু জাদুঘর পরিদর্শন করেন। পরে দুপুরে প্রধানমন্ত্রী এবং পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ ও সমঝোতা স্মারক সই করেন তিনি। ২৬ মার্চ স্বাধীনতা দিবসে ভোরে সাভারে জাতীয় স্মৃতিসৌধে মহান মুক্তিযুদ্ধের শহিদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি অর্পণ, সকালে শেখ হাসিনা ন্যাশনাল ইনস্টিটিউট অব বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি হাসপাতাল পরিদর্শন, বিকেলে রাষ্ট্রপতির সঙ্গে বঙ্গভবনে সৌজন্য সাক্ষাৎ ও রাষ্ট্রীয় অনুষ্ঠানে অংশ নেন। ২৭ র্মাচ বুধবার পদ্মা সেতু এবং নারায়ণগঞ্জের আড়াইহাজারে স্পেশাল ইকোনমিক জোন পরিদর্শন এবং ২৮ মার্চ কুড়িগ্রামে বিশেষায়িত অর্থনৈতিক অঞ্চল পরিদর্শন করেন রাজা। (জাগো এফএম ওয়েব পেজ:২৮.০৩.২০২৪ রিহাব)

### পরিবেশ দূষণে বাংলাদেশে বছরে ২ লাখ ৭২ হাজার মানুষের অকালমৃত্যু

বাংলাদেশ উদ্বেগজনক মাত্রার দূষণ এবং পরিবেশগত স্বাস্থ্যঝুঁকিতে রয়েছে, যা তুলনামূলক বেশি ক্ষতি করছে দরিদ্র, পাঁচ বছরের কম বয়সী শিশু, বয়স্ক এবং নারীদের। বিশ্ব ব্যাংকের এক প্রতিবেদনে বলা হয়েছে, বাংলাদেশে ২০১৯ সালে বায়ুদূষণসহ চার ধরনের পরিবেশ দূষণে দুই লাখ ৭২ হাজারের বেশি মানুষের অকাল মৃত্যু হয়েছে। তাদের মধ্যে ৫৫ শতাংশ মানুষের মৃত্যু হয় বায়ুদূষণের কারণে। এছাড়া দূষণের কারণে সে বছর দেশের মোট দেশজ উৎপাদনের (জিডিপি) ১৭ দশমিক ৬ শতাংশ সমপরিমাণ অর্থনৈতিক ক্ষতি হয়েছে। `দ্য বাংলাদেশ কান্ট্রি অ্যানভায়রনমেন্ট অ্যানালাইসিস (সিইএ), শীর্ষক এ প্রতিবেদন অনুযায়ী, বায়ুদূষণ, অনিরাপদ পানি, নিম্নমানের স্যানিটেশন ও হাইজিন এবং সিসা দূষণই অকাল মৃত্যুর প্রধানতম কারণ। ফলে বছরে ৫ দশমিক ২ বিলিয়ন দিন (৫২২ কোটি দিন) অসুস্থতায়

অতিবাহিত হয়। ঘরের ও বাইরের বায়ুদূষণ স্বাস্থ্যের ওপর সবচেয়ে ক্ষতিকর প্রভাব ফেলে। এ ক্ষতির পরিমাণ ২০১৯ সালের জিডিপির ৮ দশমিক ৩২ শতাংশের সমপরিমাণ। বৃহস্পতিবার (২৮ মার্চ) বিশ্বব্যাংকের ঢাকা কার্যালয় থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য তুলে ধরা হয়। বাংলাদেশ ও ভুটানে নিযুক্ত বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর আবদুলায়ে সেক অনুষ্ঠানে বলেন, বাংলাদেশের জন্য পরিবেশের ঝুঁকি মোকাবিলা একই সঙ্গে উন্নয়ন ও অর্থনৈতিক অগ্রাধিকার। আমরা পৃথিবীর নানা দেশে দেখেছি যে, পরিবেশের ক্ষতি করে অর্থনৈতিক প্রবৃদ্ধি হলে তা টেকসই হতে পারে না। তিনি বলেন, শক্তিশালী প্রবৃদ্ধির গতিপথ টেকসই রাখতে এবং শহর ও গ্রামাঞ্চলের মানুষের জীবনমানের উন্নতি করতে বাংলাদেশ কোনোভাবেই পরিবেশকে উপেক্ষা করতে পারবে না। উচ্চ-মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার লক্ষ্য অর্জনে পরিবেশের ক্ষয় রোধ এবং জলবায়ু সহিষ্ণুতা নিশ্চিত করা খুবই গুরুত্বপূর্ণ। বিশ্বব্যাংকের প্রতিবেদনে বলা হয়, পরিবেশ দূষণ শিশুদের ওপর মারাত্মক প্রভাব ফেলছে। সিসা বিষক্রিয়া শিশুদের মস্তিষ্কের বিকাশে অপরিবর্তনীয় ক্ষতি করছে। এর ফলে বছরে প্রাক্কলিত আইকিউ ক্ষতি হচ্ছে প্রায় ২০ মিলিয়ন পয়েন্ট। গৃহস্থালিতে কঠিন জ্বালানির মাধ্যমে রান্না বায়ুদূষণের অন্যতম উৎস এবং তা নারী ও শিশুদের বেশি ক্ষতি করছে। শিল্পের বর্জ্য এবং অনিয়ন্ত্রিত প্লাস্টিকসহ বিভিন্ন বর্জ্য এবং অন্য উৎসগুলো থেকে আসা অপরিশোধিত ময়লাযুক্ত পানির কারণে বাংলাদেশের নদীগুলোর পানির গুণগত মানের মারাত্মক অবনতি ঘটেছে। বায়ুদূষণ নিয়ন্ত্রণে সময়মতো এবং জরুরি হস্তক্ষেপ, উন্নত পানি, স্যানিটেশন ও হাইজিন (ওয়াশ) এবং সিসা দূষণ প্রতিরোধ করা গেলে বছরে এক লাখ ৩৩ হাজারের বেশি অকালমৃত্যু ঠেকাতে পারে। সবুজ বিদ্যুৎ উৎপাদনে বিনিয়োগ, রান্নায় সবুজ জ্বালানির ব্যবহার এবং শিল্প-কারখানা থেকে দূষণ রোধে কঠোর নিয়ন্ত্রণ বায়ুদূষণ কমাতে পারে। অনুষ্ঠানে বিশ্বব্যাংকের সিনিয়র পরিবেশ বিশেষজ্ঞ এবং এ প্রতিবেদনটির সহ-প্রণেতা আনা লুইসা গোমেজ লিমা বলেন, সময়মতো এবং সঠিক নীতি ও কার্যক্রমের মাধ্যমে বাংলাদেশ পরিবেশ দূষণের ধারা পাল্টে ফেলতে পারে। পরিবেশ সুরক্ষা জোরদারে পদক্ষেপ এবং রান্নায় সবুজ জ্বালানির জন্য বিনিয়োগ ও অন্যান্য প্রণোদনা, সবুজ অর্থায়ন বাড়ানো, কার্যকর কার্বন মার্কেট প্রতিষ্ঠা এবং সচেতনতা বাড়ানো দূষণ কমাতে পারে এবং এর ফলে সবুজ প্রবৃদ্ধি অর্জন হতে পারে। পরিবেশগত ব্যবস্থাপনার জন্য সুশাসন জোরদার ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়াতে এই প্রতিবেদনে পরিবেশগত অগ্রাধিকারগুলো চিহ্নিত করা হয়েছে। পাশাপাশি বিভিন্ন পদক্ষেপের মূল্যায়ন এবং প্রয়োজনীয় সুপারিশ করা হয়েছে। এছাড়া সাক্ষ্য-প্রমাণের ভিত্তিতে অগ্রাধিকার নির্ধারণ, পরিবেশ নীতি পদ্ধতিগুলোর বৈচিত্র্যকরণ ও জোরদারকরণ, সাংগঠনিক কাঠামো এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা জোরদারকরণ এবং সবুজ অর্থায়নের জন্য সহায়ক পরিবেশ সৃষ্টির মাধ্যমে বাংলাদেশের পরিবেশকে রক্ষা করতে পারে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পরিবেশ ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রী সাবের হোসেন চৌধুরী।
(জাগো এফএম ওয়েব পেজ:২৮.০৩.২০২৪ রিহাব)

**ড. ইউনূসের পুরস্কার নেওয়া গাজায় হত্যাযজ্ঞ সমর্থনের শামিল**

ইসরায়েলি একজন ভাস্করের কাছ থেকে ড. মুহাম্মদ ইউনূসের পুরস্কার নেওয়া গাজায় নির্বিচারে নারী ও শিশু হত্যা করা এবং সেখানে মানবতার বিরুদ্ধে অপরাধ সংগঠিত হওয়াকে প্রকারান্তরে সমর্থন দিয়েছেন কি না সেই প্রশ্ন তুলেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। বৃহস্পতিবার (২৮ মার্চ) দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সমসাময়িক বিষয়ে সাংবাদিকদের ব্রিফিংকালে তিনি এ কথা বলেন। নোবেলজয়ী ড. ইউনূসকে ইউনেস্কো থেকে একটি পুরস্কার দেওয়া হয়েছে বলে দাবি করা হয়েছে। কিন্তু শিক্ষামন্ত্রী বলেছেন, এ ধরনের কোন পদক ইউনেস্কো থেকে দেওয়া হয়নি এ বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, আমি খুব আশ্চর্য হয়েছি, হতবাক হয়েছি ড. ইউনূসের প্রতি সম্মান রেখে বলতে চাই ইউনূস সেন্টারের পক্ষ থেকে যেভাবে মিথ্যাচার করা হয়েছে এ পুরস্কার নিয়ে যে ইউনেস্কো পুরস্কার দিয়েছে। আসলে এটি ইউনেস্কোর কোনো পুরস্কার নয়। এটি আজারবাইজানের বাকুতে ইউনেস্কোর সংশ্লিষ্ট একটি সম্মেলনে মিজ হেদভারসের নামে একজন ভাস্কর যিনি ইসরায়েলি, তিনি একটি পুরস্কার দিয়েছেন। সম্মেলনে কত ধরনের ইভেন্ট হয়। আপনারা কত ধরনের সম্মেলনে যান, এ সম্মেলনে ইউনেস্কো সামহাউ রিলেটেড (কোনোভাবে সম্পর্কিত)। কিন্তু কোনোভাবেই এটি ইউনেসকোর পক্ষ থেকে তো নয়ই একজন ব্যক্তির পক্ষ থেকে দেওয়া হয়েছে। যেটিকে ইউনেসকোর পক্ষ থেকে পুরস্কার দেওয়া হয়েছে বলে প্রচার করা হয়েছে। একটি মিথ্যা অপপ্রচার করা হয়েছে। এরকম মিথ্যা অপপ্রচার আগেও ইউনূস সেন্টারের পক্ষ থেকে নানা সময়ে করা হয়েছে। এই প্রথম নয়। মন্ত্রী বলেন, ড. ইউনূস সাহেবের প্রতি শ্রদ্ধা ও সম্মান দুটো রেখেই বলতে চাই, তিনি শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছেন কিন্তু গাজায় যে আজকে নির্বিচারে মানুষ হত্যা করা হচ্ছে, নারী ও শিশুদের হত্যা করা হচ্ছে। সেটি নিয়ে তিনি একটি শব্দ উচ্চারণ করেননি, একটি প্রতিবাদ তিনি জানাননি। বরং ইসরায়েলি একজন ভাস্করের কাছ থেকে পুরস্কার নিয়েছেন। এটি কি, এটার অর্থ কি দাঁড়ায়। এসময়ে ইসরায়েলি একজন ভাস্করের পক্ষ থেকে পুরস্কার নেওয়া গাজায় নির্বিচারে নারী ও শিশুদের হত্যা করা হচ্ছে, মানবতা ও মানবাধিকার ভূলুণ্ঠিত করা হচ্ছে, সেখানে মানবতার বিরুদ্ধে অপরাধ সংগঠিত হচ্ছে- সেটিকেই প্রকারান্তরে সমর্থন দেওয়া নয়? এসময়ে একজন ইসরায়েলি ভাস্করের কাছ থেকে পুরস্কার নেওয়া খুবই দুঃখজনক।
(জাগো এফএম ওয়েব পেজ:২৮.০৩.২০২৪ রিহাব)

**ট্রেনে ইদযাত্রা : ৮ এপ্রিলের টিকিট পাওয়া যাবে শুক্রবার**

ইদে ঘরমুখো মানুষের বাড়ি ফিরতে অগ্রিম টিকিট বিক্রি শুরু করেছে বাংলাদেশ রেলওয়ে। ইদ যাত্রার আজ পঞ্চম দিনের মতো অগ্রিম টিকিট বিক্রি হয়। যারা অগ্রিম টিকিট নিয়েছেন তারা ৭ এপ্রিল ভ্রমণ করতে পারবেন। এরপর শুক্রবার (২৯ মার্চ) টিকিট দেওয়া হবে ৮ এপ্রিলের। অনলাইনে এই টিকিট কিনতে হবে। যাত্রীদের টিকিট কেনা সহজ করতে পশ্চিমাঞ্চলে চলাচলরত সব আন্তঃনগর ট্রেনের টিকিট সকাল ৮টা থেকে এবং পূর্বাঞ্চলে চলাচল আন্তঃনগর ট্রেনের টিকিট দুপুর ২টা থেকে ইস্যু করা হবে। যাওয়া-আসার ক্ষেত্রে সর্বোচ্চ একবার করে টিকিট কিনতে পারবেন যাত্রীরা। একজন যাত্রী সর্বাধিক চারটি টিকিট ক্রয় করতে পারবেন। এই টিকিট রিফান্ড করা যাবে না। এছাড়া আন্তঃনগর ট্রেনের সব আসনের টিকিট বিক্রি শেষে বরাদ্দকৃত সাধারণ শ্রেণির মোট আসনের ২৫ শতাংশ স্ট্যান্ডিং টিকিট কাউন্টার থেকে বিক্রি করা হবে। এছাড়া যাত্রীদের নিরাপদে ভ্রমণে অগ্নিনিরাপত্তাসহ সার্বিক প্রস্তুতি নিয়েছে রেলওয়ে কর্তৃপক্ষ। যাত্রীদের নির্বিঘ্নে প্লাটফর্মে প্রবেশ ও জনভোগান্তি এড়াতে কমলাপুর স্টেশন, বিমানবন্দর রেলওয়ে স্টেশন, ক্যান্টনমেন্ট স্টেশন এবং জয়দেবপুর জংশনে বাঁশের ব্যারিকেড দেওয়া হয়েছে।
(জাগো এফএম ওয়েব পেজ:২৮.০৩.২০২৪ রিহাব)

**বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যার পর খুনি জিয়া-মোশতাক চক্র মুক্তিযুদ্ধের চেতনা ধূলিস্যাৎ করেঃ সেতুমন্ত্রী**

বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যার পর খুনি জিয়া-মোশতাক চক্র মুক্তিযুদ্ধের চেতনা ও গণতান্ত্রিক মূল্যবোধ ধূলিস্যাৎ করে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, সামরিক স্বৈরশাসক জিয়াউর রহমান নিজের অবৈধ ও অসাংবিধানিক ক্ষমতা পাকাপোক্ত করতে ধর্মের কার্ড ব্যবহার করে, ধর্মভিত্তিক রাজনীতি প্রচলন করে। স্বৈরাচার জিয়া রাষ্ট্র ও সমাজের সব স্তরে সাম্প্রদায়িকতার বিষবৃক্ষের বীজ বপন এবং উগ্র-সাম্প্রদায়িক গোষ্ঠীকে রাজনীতিতে প্রতিষ্ঠিত করে। তখন থেকে বিভেদের রাজনীতির গোড়াপত্তন হয়। বৃহস্পতিবার (২৮ মার্চ) এক বিবৃতিতে এসব কথা বলেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক। বিবৃতিতে তিনি বিএনপি নেতাদের মিথ্যা, বানোয়াট এবং দুরভিসন্ধিমূলক বক্তব্যের নিন্দা ও প্রতিবাদ জানান। ওবায়দুল কাদের বলেন, বিএনপি নেতাকর্মীদের ঘরবাড়ি, ব্যবসা-বাণিজ্য দখল করে নেওয়া হচ্ছে মর্মে দলটির মহাসচিব (মির্জা ফখরুল) মিথ্যাচার করছেন। তিনি সুনির্দিষ্ট কোনো তথ্য-প্রমাণ না দিয়ে ঢালাওভাবে বানোয়াট ও ভিত্তিহীন বক্তব্য দিয়েছেন। বরং আমরা দেখতে পাচ্ছি, বিএনপি নেতাকর্মীরা বহাল তবিয়তে ব্যবসা-বাণিজ্য করছে। কোথাও রাজনৈতিক প্রতিহিংসার শিকার হচ্ছে না। তিনি বলেন, অথচ ২০০১ সালে বিএনপি ক্ষমতায় আসীন হওয়ার পর রাজনৈতিক প্রতিহিংসার শিকার হয়ে লাখ লাখ আওয়ামী লীগ নেতা-কর্মীকে ঘরবাড়ি ছাড়তে হয়েছিল। নৌকায় ভোট দেওয়ার অপরাধে আওয়ামী লীগের নেতাকর্মী ও সমর্থকদের নির্মম অত্যাচার নির্যাতনের শিকার হতে হয়েছিল। বিএনপি-জামায়াতের ক্যাডারবাহিনী দ্বারা হাজার হাজার নারী ধর্ষিত হয়েছিল। সারাদেশে আওয়ামী লীগের ২১ হাজার নেতাকর্মীকে হত্যা করা হয়েছিল। আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবিসংবাদিত নেতৃত্বে দীর্ঘ স্বাধীনতা সংগ্রামের পথ পরিক্রমায় বাঙালি জাতি ১৯৭১ সালে পাকিস্তানি হানাদার বাহিনীর বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে সশস্ত্র লড়াইয়ের মাধ্যমে স্বাধীনতা অর্জন করে। স্বাধীনতা অর্জনের পর জাতির পিতার নেতৃত্বে বাংলাদেশ মহান মুক্তিযুদ্ধের চেতনায় পরিচালিত হতে থাকে। তিনি বলেন, জাতির পিতা মহান মুক্তিযুদ্ধের আদর্শের ভিত্তিতে জাতিকে সংবিধান উপহার দেন। ধর্মের ভিত্তিতে সাম্প্রদায়িক রাজনীতি নিষিদ্ধ করা হয়। কিন্তু তাকে সপরিবারে হত্যার পর খুনি জিয়া-মোশতাক চক্র মুক্তিযুদ্ধের চেতনা ও গণতান্ত্রিক মূল্যবোধ ধূলিস্যাৎ করে। বিরোধীদল বিশেষত আওয়ামী লীগকে নির্মূল করার লক্ষ্যে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় অত্যাচার-নির্যাতনের স্টিম রোলার চালানো হয়। বিবৃতিতে তিনি বলেন, বিএনপি মহান মুক্তিযুদ্ধের চেতনা ও গণতন্ত্রে বিশ্বাস করে না বলেই তারা স্বাধীনতার মর্মার্থকে অকার্যকর করতে চায়। দেশের প্রত্যেক মানুষ এখন স্বাধীনতার সুফল পাচ্ছে। অগণতান্ত্রিক ও উগ্র-সাম্প্রদায়িক অপশক্তির প্রতিভূ বিএনপির ফ্যাসিবাদী দর্শনে জনগণ কখনো সাড়া দেয়নি; দেবেও না। তাই বিএনপি সর্বদা জনগণের বিরুদ্ধে অবস্থান নিয়েছে। ওবায়দুল কাদের বলেন, পাকিস্তানি ভাবাদর্শকে পুঁজি করে রাজনীতি করা বিএনপির একান্ত কাম্যই হলো যে কোনো উপায়ে ক্ষমতা দখল, জনকল্যাণ নয়। তারা ক্ষমতায় গিয়ে নিজেদের আখের গুছিয়ে নিয়েছিল। বাংলার জনগণ তাদের দ্বারা প্রতারণার শিকার হয়েছিল। সুতরাং বাংলার জনগণ এ প্রতারক গোষ্ঠীকে আর ক্ষমতায় দেখতে চায় না। (জাগো এফএম ওয়েব পেজ:২৮.০৩.২০২৪ রিহাব)

**আন্দোলনে আমরা বিজয়ী হবো : মির্জা ফখরুল**

গণতন্ত্রের আন্দোলন ন্যায় সঙ্গত আন্দোলন, সেই আন্দোলনে বিজয়ী হবো বলে মন্তব্য করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। বৃহস্পতিবার (২৮ মার্চ) গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে গণতন্ত্র পুনরুদ্ধারের আন্দোলনে গুম, খুন ও পঙ্গুত্বের শিকার পরিবারের মধ্যে ইদ উপহার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এর পূর্বে গুম, খুন ও পঙ্গুত্বের শিকার পরিবারের সদস্যরা তাদের কথা তুলে ধরেন। এসময় মির্জা ফখরুল বলেন, `বর্তমান সরকার দমন নিপীড়ন না করলে তারা ক্ষমতায় টিকে থাকতে পারবে

না।, বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার অসুস্থতার কথা তুলে ধরে তিনি বলেন, গতকাল (বুধবার) খালেদা জিয়া খুব অসুস্থ হয়ে পড়েছিলেন। ডাক্তাররা উপস্থিত ছিলেন। মনে হয়েছিল হয়তো আর সময় পাওয়া যাবে না। আল্লাহ তাআলার শুকরিয়া। সেই অবস্থা ফিরে আনতে সক্ষম হয়েছে। ফখরুল ইসলাম বলেন, দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যানকে আটক করে বিভিন্ন মামলা দিয়ে নির্যাতন করা হয়। এখনও তিনি নির্বাসিত জীবন যাপন করছেন। এসময় মায়ের ডাক সংগঠনের প্রতিষ্ঠাতাকে ধন্যবাদ জানান তিনি। গুম, খুন ও নিপীড়ন নির্যাতনের স্বীকার হওয়া পরিবারের কথা তুলে ধরে তিনি বলেন, এ অবস্থা সারাদেশের, শুধু বিএনপির নয়। পুরো বাংলাদশের মানুষের একই অবস্থা। পুরো দেশের মানুষ ভয়ে আতঙ্কে থাকে কখন কাকে কীভাবে তুলে নিয়ে যায়। কোনো নিশ্চয়তা নেই। সামনে উপস্থিত শিশু -তরুণদের উদ্দেশ্য করে বিএনপির এ নেতা বলেন, `তোমরা আশা হারাবে না। কখনো ভাববে না সব কিছু শেষ হয়ে গেছে। কোন হতাশা যেন কাজ না করে। মনে রাখতে হবে গণতন্ত্রের আন্দোলন ন্যায় সঙ্গত আন্দোলন। সেই আন্দোলনে আমরা বিজয়ী হবো।, আমরা বিএনপি পরিবার সেলের আহ্বায়ক আতিকুর রহমান রুম্মনের সভাপতিত্বে এসময় বক্তব্য দেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী, চেয়ারপারসনের বিশেষ সহকারী শামসুর রহমান শিমুল বিশ্বাস, প্রচার সম্পাদক শহীদ উদ্দিন চৌধুরী এ্যানী, নির্বাহী কমিটির সদস্য মীর হেলাল, যুবদলের সাধারণ সম্পাদক আব্দুল মোনায়েম মুন্না, ছাত্রদলের সাধারণ সম্পাদক নাছির উদ্দিন নাছির প্রমুখ।

(জাগো এফএম ওয়েব পেজ:২৮.০৩.২০২৪ রিহাব)

## মৎস্য খাতের উন্নয়নে ১৭২ কোটি টাকা অনুদান দিচ্ছে জাপান

মৎস্য খাতের উন্নয়নে বাংলাদেশ সরকারকে ১৭২ কোটি টাকার অনুদান দিচ্ছে জাপান সরকার। বৃহস্পতিবার অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব শাহরিয়ার কাদের ছিদ্দিকী ও বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত ইয়োমা কিমিনোরির অনুদান চুক্তিতে সই করেন। চুক্তি অনুযায়ী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন মৎস্য উন্নয়ন করপোরেশনের (বিএফডিসি) প্রকল্পের আওতায় এ টাকা ব্যয় হবে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) জানিয়েছে, জাপান সরকারের অনুদানে মৎস্য আহরণ, উপকূলে অবতরণ এবং হস্তান্তরে দক্ষতা বাড়ানো হবে। এছাড়া কক্সবাজারে বিএফডিসির মৎস্য আহরণ কেন্দ্রের অবকাঠামো উন্নয়ন এবং মাছ ধরার যন্ত্রপাতি উন্নত করার মাধ্যমে মৎস্য আহরণ ও উপকূলে অবতরণের মান উন্নয়ন, জেলেদের দক্ষতা বৃদ্ধি এবং বিতরণ ব্যবস্থায় উন্নতিতে ব্যয় হবে। ইআরডি জানিয়েছে, দ্বিপাক্ষিক পর্যায়ে জাপান বাংলাদেশের একক বৃহত্তম উন্নয়ন সহযোগী দেশ। স্বাধীনতার পর থেকে এ যাবৎ জাপান সরকার ৩২ দশমিক ৩৬ বিলিয়ন ইউএস ডলারের প্রতিশ্রুতি প্রদান করেছে। বাংলাদেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে জাপান গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। নমনীয় ঋণ ছাড়াও জাপান বিভিন্ন প্রকল্পে অনুদান ও কারিগরি সহায়তা দিচ্ছে। যার মধ্যে মানবসম্পদ উন্নয়ন, আর্থ-সামাজিক উন্নয়ন এবং পরিবেশ সুরক্ষা বিশেষভাবে উল্লেখযোগ্য। (জাগো এফএম ওয়েব পেজ:২৮.০৩.২০২৪ রিহাব)

## বাংলাদেশ থেকে আম-কাঁঠাল-আলু নিতে চায় চীন

বাংলাদেশ থেকে আম, কাঁঠাল, আলু, চামড়াজাত ও পাটজাত পণ্য আমদানি করতে আগ্রহী চীন। বাণিজ্য মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব তপন কান্তি ঘোষ এবং ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন এ তথ্য জানিয়েছেন। বৃহস্পতিবার (২৮ মার্চ) সচিবালয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত এক যৌথ সংবাদ সম্মেলনে তারা এ তথ্য জানান। বাংলাদেশ ও চীনের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ বাড়ানোর লক্ষ্যে মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) সই করতে যৌথভাবে খসড়া সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন বিনিময় নিয়ে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। কবে নাগাদ এফটিএ সই হতে পারে- সাংবাদিকদের পক্ষ থেকে এমন প্রশ্ন করা হলে জ্যেষ্ঠ সচিব বলেন, এখনো চুক্তি হয়নি। এখন আলোচনা শুরু হবে। আগামী তিন বছরের মধ্যে চুক্তি সম্পন্ন করতে পারলে ভালো। যদি না হয় আমাদের আলোচনা চালিয়ে যেতে হবে। আলোচনা শেষ না হলে ততোদিন যেন আমাদের এলডিসি হিসেবে এ সুবিধাগুলো দেয় তার জন্য বলবো। চুক্তির ফলে বাংলাদেশ কী ধরনের সুবিধা পাবে- এ প্রশ্নে তপন কান্তি বলেন, আমাদের প্রধান রপ্তানি পণ্যের মধ্যে তৈরি পোশাক পণ্যের বাইরেও আরও কিছু পণ্য আছে। রাষ্ট্রদূতের সঙ্গে যখন আলাপ করছিলাম তিনি জানিয়েছেন আমের অনেক সম্ভাবনা আছে। পাটজাত পণ্যের অনেক সম্ভাবনা আছে। তারপর হস্তশিল্পের বিষয় আছে। তিনি বলেন, এর বাইরে আরও পণ্য আছে। আমরা এরই মধ্যে চামড়া রপ্তানি করছি। আমরা মানসম্পন্ন চামড়াজাত পণ্য রপ্তানি করতে পারি। চীনে ১৪০ কোটি মানুষ। সেখানে যদি আমরা বৈচিত্র্যময় পণ্য নিয়ে যেতে পারি তবে সেটা হতে পারে বিশাল বাজার। চুক্তি হয়ে গেলে বিনিয়োগ বাড়ারও সম্ভাবনা রয়েছে। তপন কান্তি ঘোষ আরও বলেন, আমরা প্রধানত তৈরি পোশাক রপ্তানি করি। ২০২২-২৩ অর্থবছরে আমরা চীনে ৬৭৭ মিলিয়ন ডলারের পণ্য রপ্তানি করেছি। বিপরীতে চীন থেকে ২২ দশমিক ৯০ বিলিয়ন ডলার আমদানি করা হয়েছে। সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন বলেন, বাংলাদেশে চীনের বড় বিনিয়োগ রয়েছে। এখন চীন বাংলাদেশে দ্বিতীয় বৃহৎ বিনিয়োগকারী দেশ। এফটিএ সই হওয়ার পর বিনিয়োগ আরও বাড়বে। বাংলাদেশ চীনে আম, কাঁঠাল, আলু, পাটজাত পণ্য, চামড়াজাত পণ্য রপ্তানি করতে পারে। এদিকে, অনুষ্ঠানে বাণিজ্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়, বাংলাদেশের স্বল্পোন্নত দেশ

থেকে উন্নয়নশীল দেশে উত্তরণ বর্তমান সরকারের অর্থনৈতিক অগ্রযাত্রার একটি উল্লেখযোগ্য অর্জন। এ অর্জন বিশ্বে বাংলাদেশের ইতিবাচক ভাবমূর্তি সৃষ্টি এবং বিনিয়োগ ও বাণিজ্যে নতুন সম্ভাবনা সৃষ্টির পাশাপাশি বেশ কিছু চ্যালেঞ্জও তৈরি করবে। যার মধ্যে স্বল্পোন্নত দেশ হিসেবে উন্নত ও উন্নয়নশীল দেশে পণ্য রপ্তানির সময় শুল্কমুক্ত কোটামুক্ত প্রবেশাধিকার সুবিধা ২০২৬ সালের পরে হারানো এবং মূল্য সংযোজনের হার অন্যতম। এর ফলে বাংলাদেশের রপ্তানি পণ্যকে ঐসব দেশের বাজারে প্রবেশের সময় সাধারণভাবে আরোপিত শুল্কের সম্মুখীন হতে হবে। এতে ঐসব দেশে বাংলাদেশের রপ্তানি বাজার সংকোচনের সম্ভাবনা রয়েছে। বাণিজ্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে আরও জানানো হয়, বাংলাদেশের এলডিসি গ্রেজুয়েশন পরবর্তী সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবিলায় সরকারের অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা অনুসারে বাংলাদেশের রপ্তানি বাজার সংরক্ষণ এবং সম্প্রসারণে বাণিজ্য মন্ত্রণালয় ইতোমধ্যেই বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ বিভিন্ন দেশ ও ট্রেড ব্লকের সঙ্গে আঞ্চলিক বাণিজ্য চুক্তি সম্পাদনের উদ্যোগ নিয়েছে। চীন বিশ্বের দ্বিতীয় বৃহৎ অর্থনীতির দেশ এবং এটি বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ বাণিজ্যিক অংশিদার। চীনে বাংলাদেশের বাণিজ্য সম্প্রসারণের জন্য একটি বাণিজ্য সম্ভাবনাময় এলাকা। পণ্য ছাড়াও সেবা ও বিনিয়োগ খাতেও চীনের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক উন্নয়নের সম্ভাবনা রয়েছে। এ পরিপ্রেক্ষিতে বাংলাদেশ ও চীনের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ বাড়ানোর লক্ষ্যে প্রাথমিকভাবে দুই দেশের মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তি স্বাক্ষরের উদ্যোগ নেওয়া হয়েছে। এ উদ্যোগের অংশ হিসেবে ২০১৬ সালের ১৪-১৫ অক্টোবর চীনের রাষ্ট্রপতির বাংলাদেশ সফরকালে বাংলাদেশ-চীনের মধ্যে এফটিএ স্বাক্ষরের বিষয়ে যৌথ সম্ভাব্যতা যাচাই সংক্রান্ত সমঝোতা স্মারক সই হয়। স্বাক্ষরিত এমওইউ বাস্তবায়নের পরবর্তী পদক্ষেপ হিসেবে উভয় দেশের সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা সংক্রান্ত দল (ওয়ার্কিং গ্রুপ) গঠন করা হয়। এই পরিপ্রেক্ষিতে ২০১৮ সালের ২০-২১ জুন সময়ে চীনের রাজধানী বেইজিংয়ে বাংলাদেশ-চীন সম্ভাব্য মুক্ত বাণিজ্য চুক্তি স্বাক্ষরের লক্ষ্যে যৌথ সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপের প্রথম সভা অনুষ্ঠিত হয়। এরই ধারাবাহিকতায় সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা সংক্রান্ত দল খসড়া সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন প্রণয়ন করে। পরবর্তীকালে করোনা অতিমারির কারণে এ বিষয়ে অগ্রগতি না হলেও উভয় দেশ যৌথ সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনের নিজ নিজ অংশ প্রস্তুত করে। যার ফলশ্রুতিতে আজ বাংলাদেশ ও চীন যৌথভাবে খসড়া সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন বিনিময় করা হয়। (জাগো এফএম ওয়েব পেজ:২৮.০৩.২০২৪ রিহাব)

**স্বাস্থ্যমন্ত্রীর আশ্বাসে এক মাস আন্দোলন বন্ধ ইন্টার্ন চিকিৎসকদের**

ভাতা বৃদ্ধিসহ ৪ দফা দাবিতে দীর্ঘদিন ধরে আন্দোলন করছেন পোস্ট গ্র্যাজুয়েট ট্রেইনি ও ইন্টার্ন চিকিৎসকরা। কর্মবিরতি পালন করে আসছিলেন তারা। তবে বৃহস্পতিবার (২৮ মার্চ) স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাতের পর তারা আন্দোলন এক মাসের জন্য স্থগিত করেছেন। আন্দোলনকারীরা বলেন, ইদের পর বিষয়গুলো সমাধান করবেন বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী। তার আশ্বাসে আমরা একমাস আন্দোলন বন্ধ রাখবো। এ বিষয়ে স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন বলেন, ইন্টার্ন চিকিৎসকদের বহুদিনের দাবি ছিল বেতন বৃদ্ধির। এ দাবির সঙ্গে প্রথম দিন থেকেই আমি সম্মতি দিয়েছি। আমি তাদের কথা শুনেছি, কয়েকবার তাদের সঙ্গে বসেছি। হাসপাতালকে বাঁচিয়ে রাখার জন্য এরাই সবচেয়ে বেশি কাজ করেন। তিনি আরও বলেন, ইন্টার্ন চিকিৎসকদের দাবি যৌক্তিক। তাদের দাবি পূরণে প্রধানমন্ত্রী সম্মত হয়েছেন। তাদের কাজে যোগ দিতে বলেছেন প্রধানমন্ত্রী। ইদের পরই আমরা বলতে পারবো কবে তাদের বেতন বাড়বে। তবে ইদের আগে আমরা বকেয়া ভাতা দিয়ে দেবো। এছাড়া বন্ধ থাকা ১২ ইনস্টিটিউটের ভাতা চালু হবে। এর আগে দুপুর আড়াইটায় ভাতা বৃদ্ধির বিষয়ে পোস্ট গ্র্যাজুয়েট ট্রেইনি ও ইন্টার্ন চিকিৎসকদের সঙ্গে স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন বৈঠক করেন। বৈঠকে চিকিৎসকদের পক্ষ থেকে মোট ২০ জন প্রতিনিধি উপস্থিত ছিলেন।
(জাগো এফএম ওয়েব পেজ:২৮.০৩.২০২৪ রিহাব)

**দুই চিকিৎসকসহ তিনজনের বিরুদ্ধে প্রতিবেদন ১৩ মে**

রাজধানীর মালিবাগে জে এস ডায়াগনস্টিক সেন্টারে খতনা করতে গিয়ে শিশুর মৃত্যুর ঘটনায় গ্রেফতার চিকিৎসক এস এম মুক্তাদির ও মাহাবুব মোরশেদসহ তিনজনের বিরুদ্ধে প্রতিবেদন দাখিলের জন্য আগামী ২৮ মার্চ দিন ধার্য করেছেন আদালত। বৃহস্পতিবার (২৮ মার্চ) মামলার তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য দিন ধার্য ছিল। এদিন মামলার তদন্ত কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেনি। এজন্য ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মেহেদী হাসান প্রতিবেদন দাখিলের জন্য এ দিন ধার্য করেন। গত ২০ ফেব্রুয়ারি রাতে মালিবাগ চৌধুরীপাড়ার জে এস ডায়াগনস্টিক অ্যান্ড মেডিকেল চেকআপ সেন্টারে শিশু মৃত্যুর ঘটনাটি ঘটে। মারা যাওয়া শিশুর নাম আহনাফ তাহমিন আয়হাম (১০)। বাবার নাম ফখরুল আলম। সে মতিঝিল আইডিয়াল স্কুলে চতুর্থ শ্রেণিতে পড়তো। এ ঘটনায় শিশুর বাবা মোহাম্মদ ফখরুল আলম বাদী হয়ে রাজধানীর হাতিরঝিল থানায় মামলা করেন। মামলায় তিনজনের নাম উল্লেখসহ অজ্ঞাত ৩/৪ জনকে আসামি করা হয়েছে। মামলার এজাহারে বলা হয়েছে, গত ১৯ ফেব্রুয়ারি রাত সাড়ে ৮টার দিকে আহনাফকে সুন্নতে খাতনা করানোর জন্য তার বাবা ফখরুল আলম জে এস হাসপাতালের চিকিৎসক এস এম মুক্তাদিরের কাছে নিয়ে যান। তিনি ওই সময় কিছু টেস্ট লিখে দেন। ওই হাসপাতালেই টেস্টগুলো করে ছেলেকে নিয়ে বাসায় চলে যান। রাতে চিকিৎসক

ফোন করে জানান, রিপোর্টগুলো ভালো আছে। সুন্নতে খাতনা করতে কোনো সমস্যা নেই। পরদিন ২০ ফেব্রুয়ারি রাত পৌনে ৮টায় ছেলেকে সুন্নতে খাতনা করানোর জন্য স্ত্রী খায়রুন নাহারকে সঙ্গে নিয়ে তিনি হাসপাতালে যান। পরে ছেলেকে অপারেশন থিয়েটারে নিয়ে যাওয়া হয়। আসামিরা জানান, তাদের ২০/২৫ মিনিট সময় লাগবে। তখন আহনাফের বাবা-মা বাইরে অপেক্ষা করতে থাকেন। ৩০/৩৫ মিনিট পর ওটি রুমের দরজায় নক করলে তারা জানান আরও কিছুক্ষণ সময় লাগবে। এভাবে এক ঘণ্টা অতিবাহিত হওয়ার পর আহনাফের বাবা ফখরুল ওটি রুমে প্রবেশ করতে চাইলে তাকে নিষেধ করা হয় এবং আরও কিছু সময় অপেক্ষা করতে বলা হয়। পরে সন্দেহ হলে ফখরুল জোর করে ওটি রুমে প্রবেশ করেন। সেখানে দেখতে পান, তার ছেলে অচেতন অবস্থায় পড়ে রয়েছে। তার বুকে হাত দিয়ে চাপাচাপি করছে এবং নাকে ও মুখে নল দিয়ে রক্ত বের হওয়া অবস্থায় দেখেন। তখন চিকিৎসক এস এম মুক্তাদিরকে জিজ্ঞাসা করলে তিনি সঠিক উত্তর দেননি। ছেলের অবস্থা দেখে তাকে উন্নত চিকিৎসার জন্য অন্য হাসপাতালে নিয়ে যেতে চাইলে তারা কর্ণপাত না করে নিজেরাই ছেলের দেহে বুকে চাপাচাপি, হাত-পা মালিশ করতে থাকেন। তখন জোর করে তাকে ওটি রুম থেকে বের করে দেওয়া হয়। দুই ঘণ্টা অতিবাহিত হলেও তারা ছেলের বর্তমান শারীরিক অবস্থা সম্পর্কে সঠিক তথ্য না দিয়ে কালক্ষেপণ করতে থাকেন। পরে জোর করে ওটি রুমে প্রবেশ করে ফখরুল জানতে পারেন তার ছেলে আহনাফ তামহিদ মারা গেছেন। (জাগো এফএম ওয়েব পেজ:২৮.০৩.২০২৪ রিহাব)

## ইভ্যালির রাসেল-শামীমার বিচার শুরু, পলাতক থাকায় গ্রেফতারি পরোয়ানা

চেক প্রতারণার অভিযোগে করা মামলায় ই-কমার্স প্রতিষ্ঠান ইভ্যালির ব্যবস্থাপনা পরিচালক (এমডি) ও প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) মোহাম্মদ রাসেল এবং তার স্ত্রী শামীমা নাসরিনের (প্রতিষ্ঠানটির চেয়ারম্যান) বিরুদ্ধে অভিযোগ গঠন করেছেন আদালত। অভিযোগ গঠনের ফলে মামলার আনুষ্ঠানিক বিচার শুরু হয়েছে। অভিযোগ গঠনের সময় পলাতক থাকায় তাদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন আদালত। বৃহস্পতিবার (২৮ মার্চ) ঢাকার ষষ্ঠ যুগ্ম মহানগর দায়রা জজ হুমায়ুন কবির আসামিদের বিরুদ্ধে অভিযোগ গঠন করেন। একই সঙ্গে পলাতক থাকায় তাদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেন আদালত। মামলার বাদী তোফাজ্জল হোসেনের আইনজীবী অ্যাডভোকেট মো. মিয়া হোসেন বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, আজ আদালতে এ মামলার চার্জ গঠনের জন্য দিন ধার্য ছিল। কিন্তু আসামিরা উপস্থিত না থাকায় আদালত চার্জ গঠন করে তাদের বিরুদ্ধে পরোয়ানা জারি করেন। পরবর্তী তারিখে সাক্ষ্য গ্রহণ হবে। চেক প্রতারণার অভিযোগে ২০২১ সালের ৯ ডিসেম্বর তোফাজ্জল হোসেন নামে এক ব্যক্তি মামলাটি করেন। মামলার অভিযোগ থেকে জানা গেছে, আসামিদের প্রতিষ্ঠান ইভ্যালি ডটকম লিমিটেডের পক্ষ থেকে বিশেষ ছাড়ে মোটরসাইকেল বিক্রির অফার অনলাইনের (ইভ্যালি ডটকম) মাধ্যমে দেখতে পেয়ে ২০২১ সালের ২৬ ফেব্রুয়ারি এক লাখ ৪৯ হাজার ৬৩৫ টাকা পরিশোধ করে একটি মোটরসাইকেল ক্রয়ের অর্ডার করেন বাদী। বাদীকে মোটরসাইকেলটি অর্ডারের ৪৫ দিনের মধ্যে ডেলিভারি করার কথা ছিল। তা না হলে মোটরসাইকেলের মূল্য বাবদ দুই লাখ ৫০ হাজার টাকা বাদীকে প্রদান করবেন। আসামিরা নির্ধারিত সময় অতিবাহিত হওয়ার পরও মোটরসাইকেলটি ডেলিভারি করতে না পারায় একই বছরের ২৮ জুন দুই লাখ ৫০ হাজার টাকার সিটি ব্যাংকের একটি চেক ইভ্যালি ডটকম লিমিটেডের পক্ষ থেকে সিনিয়র ম্যানেজার ফাইন্যান্স ও ম্যানেজার ফাইন্যান্স সই করে বাদী বরাবর ইস্যু করেন। ব্যাংকে টাকা উত্তোলন করতে গেলে চেকটি ডিজঅনার হয়।পরে বাদী আসামিদের বরাবর লিগ্যাল নোটিশ পাঠিয়ে ৩০ দিনের মধ্যে টাকা পরিশোধের তাগিদ দেন। তবু তারা টাকা পরিশোধ না করায় বাদী বাধ্য হয়ে আদালতে মামলা করেন। (জাগো এফএম ওয়েব পেজ:২৮.০৩.২০২৪ রিহাব)

# রেডিও টুডে

## বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়িত্ব নিলেন দ্বীন মোহাম্মদ নূরুল হক

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়িত্ব নিয়েছেন অধ্যাপক ডাক্তার দ্বীন মোহাম্মদ নূরুল হক। দায়িত্ব নিয়ে সবার প্রতি সহযোগিতার আহ্বান জানিয়েছেন তিনি। একইসঙ্গে দুর্নীতি থেকে দূরে থাকার কথা বলেছেন এই চিকিৎসক। আজ উপাচার্য বলেন, আমি আপনাদেরই লোক, আমি বঙ্গবন্ধুর লোক, আমি প্রধানমন্ত্রী শেখ হাসিনার লোক। সবাই সহযোগিতা করবেন ভুল হলে ধরিয়ে দেবেন। তবে কেউ আমাকে পিছু টানবেন না। বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের ডাক্তার মিল্টন হলে আয়োজিত সংবাদ সম্মেলনে নতুন উপাচার্য এসব কথা বলেন।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৮.০৩.২০২৪ এলিনা)

## ২০২৩-২৪ শিক্ষাবর্ষের প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে আজ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২৪ শিক্ষাবর্ষের প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার সব ইউনিটের ফলাফল প্রকাশ করা হয়েছে। বৃহস্পতিবার বিকেল সাড়ে তিনটায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে অধ্যাপক আব্দুল মতিন চৌধুরী ভার্চুয়াল শ্রেণিকক্ষে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে আনুষ্ঠানিকভাবে এ ফল প্রকাশ করেন উপাচার্য এ এস এম মাকসুদ কামাল। প্রকাশিত ফলাফলে বলা হয় আইন, কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটে পাশের হার ১০.০৭ শতাংশ। বিজ্ঞান

ইউনিটে এ হার ৮.৮৯ শতাংশ। ব্যবসায় শিক্ষা ইউনিটের পাশের হার ১৩.৩৩ শতাংশ। আর চারুকলা ইউনিটের পাশের হার ১১.৭৫ শতাংশ। বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা তিন শাখা থেকেই উচ্চ মাধ্যমিক পাশ করা শিক্ষার্থীরা এবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সব ইউনিটে পরীক্ষা দেওয়ার সুযোগ পেয়েছেন।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৮.০৩.২০২৪ এলিনা)

**স্বাস্থ্যমন্ত্রীর আশ্বাসে আন্দোলন স্থগিত করেছেন পোস্ট গ্রাজুয়েট ট্রেইনি ও ইন্টার্ন চিকিৎসকরা**

ভাতা বৃদ্ধি সহ চার দফা দাবিতে দীর্ঘদিন ধরে আন্দোলন করছেন পোস্ট গ্রাজুয়েট ট্রেইনি ও ইন্টার্ন চিকিৎসকরা। কর্মবিরতি পালন করে আসছিলেন তারা। কিন্তু আজ স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাতের পর তারা আন্দোলন এক মাসের জন্য স্থগিত করেছেন। আন্দোলনকারীরা বলছেন ইদের পর বিষয়গুলো সমাধান করবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী। তার আশ্বাসে আপাতত আন্দোলন স্থগিত করা হয়েছে। এর আগে দুপুর আড়াইটায় ভাতা বৃদ্ধির বিষয়ে পোস্ট গ্রাজুয়েট ট্রেইনি ও ইন্টার্ন চিকিৎসকদের সঙ্গে স্বাস্থ্যমন্ত্রী ডক্টর সামন্ত লাল সেন বৈঠক করেন।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৮.০৩.২০২৪ এলিনা)

**নারীদের জন্য সংরক্ষিত আসনেও এগিয়ে রয়েছেন ব্যবসায়ীরা : সুজন**

দ্বাদশ জাতীয় সংসদে নারীদের জন্য সংরক্ষিত আসনেও ব্যবসায়ীরা এগিয়ে রয়েছেন। সাধারণ আসনের সংসদ সদস্যদের তুলনায় কম হলেও সংরক্ষিত নারী আসনে নির্বাচিতদের মধ্যেও পেশায় সর্বোচ্চ সংখ্যক ব্যবসায়ী। সংরক্ষিত নারী আসনে নির্বাচিত ৫০ জন সংসদ সদস্যের হলফনামায় দেওয়া তথ্য বিশ্লেষণ করে এ কথা জানিয়েছে সুশাসনের জন্য নাগরিক, সুজন। বৃহস্পতিবার এক অনলাইন সংবাদ সম্মেলনে সংরক্ষিত নারী আসনের নির্বাচিত সংসদ সদস্যদের হলফনামার তথ্যের বিশ্লেষণ তুলে ধরা হয় এতে। সংবাদ সম্মেলনে জানানো হয়, সংরক্ষিত নারী আসনে নির্বাচিত ৫০ জন সংসদ সদস্যদের মধ্যে ১৩ জনের পেশা ব্যবসা। আওয়ামী লীগ থেকে নির্বাচিত সংসদ সদস্যদের মধ্যে ব্যবসায়ীর হার শতকরা ২২.৯২ শতাংশ এবং জাতীয় পার্টি থেকে নির্বাচিতদের ১০০ শতাংশই ব্যবসায়ী। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৮.০৩.২০২৪ এলিনা)

**জিম্মি জাহাজ এমভি আব্দুল্লাহ মুক্ত করার বিষয়ে অনেক দূর এগিয়েছে সরকার : পররাষ্ট্রমন্ত্রী**

সোমালি জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশি জাহাজ এমভি আব্দুল্লাহ মুক্ত করার বিষয়ে সরকার অনেক দূর এগিয়েছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ডক্টর হাছান মাহমুদ। বৃহস্পতিবার বৃহস্পতিবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে সমসাময়িক বিষয়ে করা ব্রিফিংয়ে তিনি এর তথ্য জানান। এ সময় পররাষ্ট্রমন্ত্রী বলেন, আমরা যোগাযোগের মধ্যেই রয়েছি। নাবিকদের মুক্ত করার জন্য আমরা নানামুখী তৎপরতাও চালাচ্ছি। আমাদের উদ্দেশ্য হচ্ছে নাবিকদের নিরাপদে উদ্ধার করা এবং একই সঙ্গে জাহাজটাও উদ্ধার করা। এ সময় হাছান মাহমুদ আরো বলেন, গাজায় নারী-শিশু হত্যা এবং মানবাধিকার লঙ্ঘনের পরও ডক্টর ইউনূস কোন প্রতিবাদ জানাননি উল্টো তিনি ইসরাইলের এক ভাস্করের হাত থেকে পুরস্কার গ্রহণ করেছেন। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৮.০৩.২০২৪ এলিনা)

**স্বাধীনতার মর্মার্থকে অকার্যকর করতে চায় বিএনপি : ওবায়দুল কাদের**

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, মুক্তিযুদ্ধের চেতনা ও গণতন্ত্রে বিশ্বাস করে না বলে বিএনপি স্বাধীনতার মর্মার্থকে অকার্যকর করতে চায়। তিনি বলেছেন, দেশের প্রত্যেক মানুষ এখন স্বাধীনতার সুফল পাচ্ছে। অগণতান্ত্রিক ও উগ্র সাম্প্রদায়িক অপশক্তির প্রতিভূ বিএনপির ফ্যাসিবাদী দর্শনে জনগণ কখনো সাড়া দেয়নি, দিবেও না। বৃহস্পতিবার এক বিবৃতিতে এসব কথা বলেন ওবায়দুল কাদের। বিবৃতিতে তিনি আরো বলেন, বিএনপি নেতা-কর্মীদের ঘরবাড়ি ও ব্যবসা-বাণিজ্য দখল করে নেয়া হচ্ছে হচ্ছে বলে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম মিথ্যাচার করছেন। তিনি সুনির্দিষ্টভাবে কোন তথ্য-প্রমাণ না দিয়ে ঢালাওভাবে বানোয়াট ও ভিত্তিহীন বক্তব্য দিয়েছেন। বরং আমরা দেখতে পাচ্ছি বিএনপি'র নেতাকর্মীরা বহাল তবিয়তেই ব্যবসা করছেন। তারা কোথাও রাজনৈতিক প্রতিহিংসার শিকার হচ্ছেন না।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৮.০৩.২০২৪ এলিনা)

**কারওয়ান বাজার থেকে ডিএনসিসির কার্যালয় স্থানান্তরের কার্যক্রম শুরু করেছে ডিএনসিসি**

রাজধানীর কারওয়ান বাজারের কাঁচা বাজার স্থানান্তরের লক্ষ্যে ঝুঁকিপূর্ণ ভবন থেকে আঞ্চলিক কার্যালয় স্থানান্তরের কার্যক্রম শুরু করেছে ডিএনসিসি। বৃহস্পতিবার সকালে ডিএনসিসির অঞ্চল পাঁচ এর নির্বাহী কর্মকর্তা মোতাকাব্বির আহমেদ সাংবাদিকদের এ তথ্য জানান। তিনি জানান, অফিস শিফটিংয়ের মাধ্যমে শুরু হচ্ছে কারওয়ান বাজারের স্থানান্তর প্রক্রিয়া। এ অফিসটি সরানো হবে মোহাম্মদপুরে। তবে ইদের আগে অফিস থেকে সবকিছু স্থানান্তর হলেও ভবনটি ভাঙা হবে পরে। তিনি আরো জানান, পর্যায়ক্রমে সবাইকে পুনর্বাসন করা হবে। সামনে এখানে আর কোন বাজার থাকবে না এবং খুচরা ব্যবসায়ীও থাকবে না এমনটাও নিশ্চিত করেন তিনি।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৮.০৩.২০২৪ এলিনা)

**বাংলাদেশে পূর্ণাঙ্গ মুক্ত গণতন্ত্র বাস্তবায়নে প্রচেষ্টা অব্যাহত থাকবে যুক্তরাষ্ট্রের : ম্যাথিউ মিলার**

বাংলাদেশে অবাধ ও পূর্ণাঙ্গ মুক্ত গণতন্ত্র বাস্তবায়নে যুক্তরাষ্ট্রের প্রচেষ্টা অব্যাহত থাকবে বলে জানিয়েছেন মার্কিন পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ম্যাথিউ মিলার। স্থানীয় সময় বুধবার মার্কিন এস্টেট ডিপার্টমেন্টের নিয়মিত ব্রিফিংয়ে এক সাংবাদিকের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। এ সময় গণতান্ত্রিক শাসন জোরদার এবং মানবাধিকার রক্ষায় বাংলাদেশের জনগণের পাশে থাকার অঙ্গীকার পুনর্ব্যক্ত করে স্বাধীনতা দিবসে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিংকেন যে বিবৃতি দিয়েছেন সেই অবস্থানেরই পুনর্ব্যক্ত করেছেন স্টেট ডিপার্টমেন্টের মুখপাত্র ম্যাথিউ মিলার। তিনি বলেন, প্রেসিডেন্ট বাইডেন এবং পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিংকেনের পররাষ্ট্রনীতির সর্বোচ্চ গুরুত্বের তালিকায় রয়েছে গণতন্ত্রের বিকাশ। বাংলাদেশ সরকারের সঙ্গে সংলাপের সময় অব্যাহতভাবে এ বিষয়ে স্পষ্টভাবে আমরা কথা বলে যাচ্ছি।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৮.০৩.২০২৪ এলিনা)

**ছিনতাই ও চাঁদাবাজি প্রতিরোধে অভিযান চালিয়ে চট্টগ্রাম থেকে ৩২ জনকে গ্রেফতার করেছে র‍্যাব**

ছিনতাই এবং চাঁদাবাজি প্রতিরোধে অভিযান চালিয়ে চট্টগ্রাম মহানগরীর বিভিন্ন এলাকা থেকে ছয়টি কিশোর গ্যাংয়ের গ্রুপপ্রধান সহ ৩২ জন সক্রিয় সদস্যকে গ্রেফতার করেছে র‍্যাব ৭। এ সময় তাদের কাছ থেকে জব্দ করা হয়েছে বিভিন্ন দেশি অস্ত্র। বৃহস্পতিবার র‍্যাব ৭ এর কার্যালয় থেকে এই তথ্য গণমাধ্যমকে নিশ্চিত করা হয়েছে।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৮.০৩.২০২৪ এলিনা)

**দুই বাংলাদেশি যুবকের লাশ ফেরত দিয়েছে বিএসএফ**

নওগাঁ-লালমনিরহাট সীমান্তে ভারতের অভ্যন্তরে গুলি করে হত্যার পর দুই বাংলাদেশি যুবকের লাশ ফেরত দিয়েছে ভারতীয় বাহিনী বিএসএফ। বুধবার রাতের আঁধারে বর্ডার গার্ড বাংলাদেশ, বিজিবি এবং বিএসএফের মধ্যে অনুষ্ঠিত পতাকা বৈঠকের পর লাশ দু'টি হস্তান্তর করা হয়। এ সময় বাংলাদেশ ও ভারতের পদস্থ কর্মকর্তারা উপস্থিত ছিলেন।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৮.০৩.২০২৪ এলিনা)

**দেশের সাত বিভাগে বজ্রসহ বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর**

দেশের সাত বিভাগে বজ্রসহ বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। বৃহস্পতিবার সকাল ৯ টা থেকে পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসে এই তথ্য জানানো হয়। এতে বলা হয়েছে রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দুই/এক জায়গায় অস্থায়ী দমকা বা ঝড়ো হাওয়া সহ বৃষ্টি বা বজ্র সহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা সহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৮.০৩.২০২৪ এলিনা)

**আট হাজার চারশো পঁচিশ কোটি টাকার ১১ টি প্রকল্প অনুমোদন একনেকের**

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি একনেকের সভায় ৮,৪২৫ কোটি টাকা ব্যয়ে ১১ টি প্রকল্পের অনুমোদন দেয়া হয়েছে। বৃহস্পতিবার রাজধানী শেরেবাংলা নগর এনইসির সম্মেলন কক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সভাপতিত্বে অনুষ্ঠিত হয় একনেক সভা। এতে প্রকল্পগুলোর অনুমোদন দেয়া হয়।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৮.০৩.২০২৪ এলিনা)

**আজ কুড়িগ্রাম সফর শেষে নিজ দেশে ফেরত যাবেন ভুটানের রাজা**

চারদিনের রাষ্ট্রীয় সফরে চতুর্থ ও শেষ দিনে কুড়িগ্রাম যাচ্ছেন ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক। সেখানে ধরলা নদীর তীরবর্তী কুড়িগ্রাম সদর উপজেলার ভোকডাকা ইউনিয়নের মাধবরাম এলাকায় ভুটানের জন্য অর্থায়িত বিশেষ অর্থনৈতিক অঞ্চল পরিদর্শন করবেন তিনি। বৃহস্পতিবার দুপুরে সেখানে দুপুরের খাবার সেরে দেড়টায় অর্থনৈতিক অঞ্চলের জায়গা পরিদর্শনের কথা রয়েছে এবং সড়কপথে শুরাহাট স্থলবন্দর দিয়ে ভারত হয়ে নিজ দেশে ফেরত যাবেন তিনি। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৮.০৩.২০২৪ এলিনা)

**মুক্তির পথ একটাই আর তা হলো সরকারকে পরাজিত করা : মির্জা ফখরুল**

বিএনপির আশি ভাগ নেতা-কর্মী সরকারের দমন-পীড়নের শিকার বলে মন্তব্য করেছেন দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। বৃহস্পতিবার দুপুরে রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারপারসনের কার্যালয়ে সরকার বিরোধী আন্দোলন করতে গিয়ে গুম, খুন ও পঙ্গুত্বের শিকার নেতা-কর্মীদের পরিবারের মাঝে ইদের শুভেচ্ছা উপহার তুলে দেওয়ার সময় এমন মন্তব্য করেন তিনি। মির্জা ফখরুল বলেন, সরকারের নির্যাতনের প্রথম শিকার খালেদা জিয়া। গত রাতেও তিনি অসুস্থ হয়ে পড়েছিলেন। তিনি আরো বলেন, একাত্তরের যুদ্ধের সময় মানুষ যেমন ঐক্যবদ্ধ হয়েছিল একইভাবে আবার জনগণকে ঐক্যবদ্ধ করতে হবে। তিনি বলেন, মুক্তির পথ একটাই তা হলো সরকারকে পরাজিত করা। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৮.০৩.২০২৪ এলিনা)

### ভারতের সাথে সম্পর্ক ক্ষুণ্ন করা নিয়ে বিচলিত হয়ে গেছে কয়েকটি মিডিয়া : রুহুল কবির রিজভী

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, ভারতের সঙ্গে সম্পর্ক ক্ষুন্ন করা নিয়ে কয়েকটি মিডিয়া বিচলিত হয়ে গেছে। বৃহস্পতিবার সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এই মন্তব্য করেন। তিনি বলেন, স্বাধীনতার পর থেকে ভারতের আগ্রাসন বিরোধী প্রতিবাদ হচ্ছে। মুজিব-ইন্দিরা চুক্তির প্রাপ্য বাংলাদেশ পায়নি। রুহুল কবির রিজভী আরো বলেন, সরকারপ্রধান দেশ নিয়ে তামাশা করেন। তিনি দাবি করেন, আওয়ামী লীগ পালিয়ে যাওয়ায় দেশের জন্য যুদ্ধ করেছে শ্রমিক, ছাত্র, সেনাবাহিনী। তিনি বলেন, প্রতিবেশী দেশটি কোন দলের পক্ষ না হয়ে একটা অবাধ, সুষ্ঠু নির্বাচন চাইতে পারত কিন্তু ভারত তা চায়নি। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৮.০৩.২০২৪ এলিনা)

### আজ থেকে শুরু হচ্ছে ইদের অগ্রিম ট্রেনের টিকিট বিক্রি

ইদকে সামনে রেখে অগ্রিম টিকিট বিক্রি শুরু করেছে বাংলাদেশ রেলওয়ে। আগামী ৭ই এপ্রিলের আন্তঃনগর ট্রেনের টিকিট বিক্রি হচ্ছে আজ। এটি ট্রেনে ইদ যাত্রার প্রথম দিন। আজ সকাল আটটা থেকে বিক্রি শুরু হয়েছে পশ্চিমাঞ্চলের ট্রেনের টিকিট এবং দুপুর দুইটা থেকে বিক্রি শুরু হবে পূর্বাঞ্চলের ট্রেনের টিকিট। যাত্রীদের সুবিধার্থে এবার শতভাগ টিকিট অনলাইনে বিক্রি করা হচ্ছে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৮.০৩.২০২৪ এলিনা)

### ইতিহাসে নাম লেখালেন বাংলাদেশের আম্পায়ার শরফুদ্দৌলা ইবনে শহীদ সৈকত

ইতিহাসে নাম লেখালেন শরফুদ্দৌলা ইবনে শহীদ সৈকত। বাংলাদেশের প্রথম আম্পায়ার হিসেবে আইসিসির এলিট প্যানেলে জায়গা করে নিয়েছেন তিনি। আইসিসির বার্ষিক মূল্যায়ন এবং নির্বাচন প্রক্রিয়ায় সৈকতকে এই সম্মাননা দেওয়া হয়। ২০০৬ সাল থেকে আন্তর্জাতিক প্যানেলে আছেন সৈকত। ২০১০ সালের জানুয়ারিতে মিরপুরে বাংলাদেশ ও শ্রীলংকার মধ্যকার ওয়ানডে দিয়ে আন্তর্জাতিক ম্যাচ পরিচালনা শুরু করেন এই আম্পায়ার। আন্তর্জাতিক ম্যাচে ওয়ান ফিট আম্পায়ার হিসেবে দশটি টেস্ট, ৬৩টি ওয়ানডে আর ৪৪ টি-টোয়েন্টি ম্যাচে দায়িত্ব পালন করেছেন সৈকত। লিগ ক্রিকেটেও ওয়ান ফিট আম্পায়ার হিসেবেও রয়েছে ১৩ ওয়ানডে এবং ২৮ টি টি-টোয়েন্টি পরিচালনার অভিজ্ঞতা। সৈকতের অভিজ্ঞতা আছে বিশ্বকাপে ম্যাচ পরিচালনারও। (রেডিও টুডে:২১৪৫ ঘ. ২৮.০৩.২০২৪ এলিনা)

### ময়মনসিংহের ত্রিশালে বাসের ধাক্কায় নিহত হয়েছেন তিনজন

ময়মনসিংহের ত্রিশাল উপজেলায় বাসের ধাক্কায় সিএনজি চালিত অটোরিক্সার তিন যাত্রী নিহত হয়েছেন। দুর্ঘটনায় আহত হয়েছেন আরো তিনজন। বৃহস্পতিবার সকাল সাড়ে দশটার দিকে ত্রিশাল পৌর এলাকায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে এই দুর্ঘটনাটি ঘটে। নিহত তিনজন হলে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগের শিক্ষার্থী সালমান আজাদী, উপজেলার রুদ্র গ্রামের বাসিন্দা এনামুল হকের দু'বছর বয়সী মেয়ে নুবাইরা তাজনিম ও চিকনু মোহনহল এলাকার মৃত আব্দুল সামাদের ছেলে শরিফুল ইসলাম। পুলিশ জানিয়েছেন, ঢাকা থেকে ছেড়ে আসা শেরপুরগামী সোনার ময়না পরিবহনের একটি বাস যাত্রী নামিয়ে ঘুরানোর সময় সিএনজি চালিত অটোরিক্সাটিকে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই একজনের মৃত্যু হয়। আহতদের ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হলে সেখানে মারা যায় অপর দু'জন। (রেডিও টুডে:২১৪৫ ঘ. ২৮.০৩.২০২৪ এলিনা)

## BBC

### GAZA STARVATION COULD AMOUNT TO WAR CRIME : UN HUMAN RIGHTS CHIEF

After months of warnings, a recent UN-backed report offered hard statistical evidence that the humanitarian catastrophe in Gaza is turning into a manmade famine. It has increased the pressure on Israel to fulfill its legal responsibilities to protect Palestinian civilians, and to allow adequate supplies of humanitarian aid to reach the people who need it. The UN's most senior human rights official, Volker Turkey, said in a BBC interview that Israel bore significant blame, and that there was a plausible case that Israel was using starvation as a weapon of war in Gaza. (BBC Web Page: 28/03/24, FARUK)

### FRANCE TO SUE TEEN OVER HEADSCARF ROW CLAIM

France's prime minister says a teenage girl will be sued by the state for falsely accusing her headteacher of striking her in a heated exchange over her wearing an Islamic head-covering. The headteacher insisted that the pupil remove her head-covering inside the school, in accordance with French law. He resigned after death threats circulated on social media. The Islamist threat to French schools is taken extremely seriously since the murder of two teachers. (BBC Web Page: 28/03/24, FARUK)

### FOUR KILLED DURING STABBING SPREE IN ILLINOIS

Four people have been killed and at least five injured after a man armed with a knife went on a rampage in the US state of Illinois. Police in Rockland say the attacks occurred following a home invasion on Wednesday afternoon. One of the injured is in a critical condition. The victims are a 15-year-old girl, a 63-year-old woman, a 49-year-old man and a 22-year-old

man. A man, 22, has been arrested and is being questioned by police. Police said the motive for the attacks remained unclear. (BBC Web Page: 28/03/24, FARUK)

**VENEZUELA OPPOSITION SUCCEEDS IN REGISTERING CANDIDATE**

Venezuela's main opposition coalition has managed to register a candidate for July's presidential election after its first two nominees were blocked. The Unitary Platform (PUD) said it was able to inscribe ex-diplomat Edmundo Gonzalez after the deadline for registrations was extended. The PUD said Mr Gonzalez was its provisional candidate, hinting that he may be replaced before the election. The PUD had originally backed Maria Corina Machado as its candidate to unseat Mr Maduro, who has been in power since 2013. (BBC Web Page: 28/03/24, FARUK)

**US URGES FAIR LEGAL PROCESS FOR INDIA OPPOSITION LEADER**

The US has reiterated that it encourages a transparent legal process in a corruption case against Delhi Chief Minister Arvind Kejriwal. State Department spokesperson Mathew Miller said on Wednesday that the US was closely following actions taken against opposition parties in India. Mr Miller's remarks came hours after India summoned a US diplomat over a similar comment he made on Tuesday. Mr Kejriwal, who was arrested last week has denied any wrongdoing. Hours before his arrest, India's main opposition Congress party had held a press conference saying that its bank accounts were frozen by the tax department ahead of the general elections. (BBC Web Page: 28/03/24, FARUK)

**NIGERIA INSECURITY A RUDE SHOCK: DEFENCE CHIEF**

Nigeria's Chief of Defence Staff, General Christopher Gwabin Musa, say the security challenges Nigeria is facing are man-made, and the security agencies are working to make the country safe following a spate of mass kidnappings and farmer-herder clashes. (BBC Web Page: 28/03/24, FARUK)

**BATTLE TO RUN ISTANBUL BECOMES KEY TO TURKEY'S FUTURE**

Millions of Turks vote in elections on Sunday to decide who runs their biggest cities - a whether President Recep Tayyip Erdogan can wrest back control from the opposition. Turkey's economic and social powerhouse, Istanbul, was won by a united opposition five years ago under popular mayor Ekrem Imamoglu, shattering the president's long run of electoral success. Now Mr Erdogan, who was born in this megacity of 16 million people, wants it back and the vote is on a knife-edge. (BBC Web Page: 28/03/24, FARUK)

**ISRAEL, HEZBOLLAH TRADE STRIKES OVER LEBANON BORDER**

Hezbollah has fired a barrage of rockets into northern Israel, killing one person, in response to deadly Israeli strikes on a Lebanese village. Lebanese sources said seven people were killed in the Israeli attack overnight on Habbariyeh, making it one of the deadliest in recent violence. Israel said militants were killed, including one involved in attacks on Israel. The Lebanese group targeted said those killed were rescuers. Later on Wednesday Lebanese media reported that several people had been killed in further Israeli strikes. Israel has not yet commented. (BBC Web Page: 28/03/24, FARUK)

**IRELAND TO INTERVENE IN ICJ CASE AGAINST ISRAEL**

The Republic of Ireland will intervene in the case against Israel under the Genocide Convention at the International Court of Justice (ICJ). The ICJ has been asked to consider whether Israel is committing genocide against Palestinians in Gaza. Israel rejects the allegations as baseless. South Africa brought the case to the court - which is the top court of the United Nations (UN). Ireland's deputy prime minister and Minister for Foreign Affairs Micheal Martin announced on Wednesday that he had directed officials to commerce work on a Declaration of Intervention under Article 63 of the statute of the ICJ.
(BBC Web Page: 28/03/24, FARUK)

**:: The End ::**